আকাবিরে উম্মতের মূল্যবান তাফসীর,
মতামত ও ফতোয়া সংগ্রহ

একটি মজলুম ফরওয়া

মোল্লা ইয়ার মুহাম্মদ

আকাবিরে উম্মতের মূল্যবান তাফসীর, মতামত ও ফতোয়া সংগ্রহ

একটি
মজলুম ফরজ

সংকলন
মোল্লা ইয়ার মুহাম্মদ

অনুবাদ
উবায়েদ

অনুবাদ সহযোগী
ইবাদুস সাত্তার

সুলতান পাবলিকেশন্স
৫২, বাংলাবাজার, ঢাকা।

একটি মজলুম ফরজ

সংকলন
মোল্লা ইয়ার মুহাম্মদ
অনুবাদ
উবায়েদ
অনুবাদ সহযোগী
ইবাদুস সাত্তার
প্রকাশক
উমর ফারুক
সুলতান পাবলিকেশন্স
৫২,বাংলাবাজার, ঢাকা।

প্রথম প্রকাশ
রজব, ১৪৩৭ হি.
এপ্রিল, ২০১৬ ঈ.

স্বত্ব
প্রকাশক কর্তৃক সংরক্ষিত

হাত-বদল
২০০ টাকা মাত্র।

আল ইহ্দা

আমার মা-বাবা,
আসাতিযা ও আকাবির

এবং

সেই ভাইদের প্রতি, যারা আল্লাহর পথে নিজেদের জীবন কোরবান করেছে, করছে কিংবা করবে।

-উবায়েদ

সূচিপত্র

অনুবাদকের কথা.....১৪

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ.-এর তাফসীর গ্রন্থ থেকে সংকলিত

জিহাদ কখন ফরজে আইন.....২৩
ইকদামী জিহাদের হুকুম.....২৩
শাহাদাত হলো সর্বশ্রেষ্ঠ আমল.....২৩
আখিরাত অর্জনের সর্বোত্তম পন্থা হলো জিহাদ.....২৪
জিহাদ করার কারণ-সমূহ.....২৪
জিহাদের বিধান প্রকৃত কল্যাণ উপযোগী.....২৪
হাজীদের পানি পান করানো এবং মসজিদ আবাদ করার চেয়ে উত্তম আমল হল জিহাদ করা.....২৪
জিহাদের জন্য বের হতে পারা আল্লাহ তায়ালার পক্ষ থেকে এক বিশেষ অনুগ্রহ.....২৫
জিহাদে বের হলেই মৃত্যু অনিবার্য নয়.....২৫
জিহাদের মাধ্যমেই মুসলমানগণ বিজয়ী হবেন এবং কাফেররা হবে পরাজিত.....২৬
রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের দাবী হল জিহাদের ময়দানে অবিচল থাকা.....২৬
জিহাদ ছেড়ে সুন্নতের অনুসারী দাবী করা গোমরাহী বৈ কিছুই নয়.....২৭
তাকওয়ার দোহাই দিয়ে জিহাদ বর্জন করা নিফাকের আলামত.....২৮
জিহাদে যাওয়ার জন্য আমল মজবুত হওয়া কোন শর্ত নয়.....২৮
জিহাদের হুকুম মুমিনের জন্য পরীক্ষা.....২৮
মুজাহিদগণের আমল কখনই নষ্ট হয় না.....২৯
মুমিনের অবস্থা.....২৯
সফলকাম তো তাঁরাই.....৩০
জিহাদে বের হওয়া ঈমানের দাবিতে সত্যবাদী হওয়ার পরিচায়ক.....৩০
জিহাদ তরক করার কারণে ফাসাদ সৃষ্টিকারী লোকদের প্রভাব বিস্তার লাভ করবে.....৩০
কোনটি আল্লাহ তায়ালার সাহায্যের পথ?.....৩১

হে মুসলিম উম্মাহ! কাফেরদের মোকাবেলায় হীনমন্য হয়ো না.....৩১
জিহাদের প্রতি অত্যধিক উৎসাহ প্রদান.....৩২
জিহাদ ফী সাবীলিল্লায় সম্পদ খরচ করা পূর্ণ ঈমানের পরিচায়ক.....৩২
আধুনিক যুদ্ধাস্ত্রের ব্যবহার এবং গাড়ির ড্রাইভিং ইত্যাদি শেখার ফজিলত৩৩
জিহাদের ফলাফল.....৩৩
অধিকাংশের মতামত এমন কোন ব্যাপক-প্রমাণ নয় যে, হক তার মধ্যেই থাকবে.....৩৪
অনুসরণীয় ব্যক্তি নির্ধারণ করার ক্ষেত্রে জনসাধারণের ভুল মাপকাঠি....৩৫
মুরব্বী বানানোর সঠিক মাপকাঠি.....৩৬

হযরতুল আল্লাম মাওলানা মুহাম্মদ আনোয়ার শাহ্ কাশ্মীরী রহ.-এর রচনাবলী থেকে সংকলিত

সব চেয়ে উত্তম কাজ জিহাদ করা, যখন তা ফরজে আইন হয়ে যায়....৩৭
বর্তমানেও হিজরত অবশিষ্ট রয়েছে.....৩৭
নেককার কোনো ইমাম থাকা কিংবা অন্তর পরিশুদ্ধ হওয়া জিহাদ ফরজ হওয়ার জন্য কোনো শর্ত নয়.....৩৭
সাহায্য প্রাপ্ত দল কোনটি?.....৩৯
জিহাদে বের হওয়ার জন্য অনুমতি.....৩৯
সমকালীন অস্ত্র ব্যবহার সম্পর্কে জ্ঞান লাভ করার প্রতি উদ্বুদ্ধ করা.....৩৯
জরুরিয়াতে দীনের সংজ্ঞা.....৪০
ঈমান.....৪১
জরুরিয়াতে দীনের মধ্যে তা'বীল করা কুফরকে আবশ্যক করে.....৪১
এক অজ্ঞ লোকের প্রশ্ন এবং তার উত্তর.....৪১
জরুরিয়াতে দীনের মধ্যে মনগড়া ব্যাখ্যা করাও কুফরী বরং তা অস্বীকার করার চেয়েও জঘন্যতম.....৪২
যে সমস্ত ব্যাখ্যা জরুরিয়াতে দীনের সঙ্গে সাংঘর্ষিক ও বিরোধী সেটাও কুফরী.....৪২
অজ্ঞতা কোন ওজর নয়.....৪৩
ইসলাম অনুসরণীয়,কারো অনুসারী নয়.....৪৪
শরীয়তের প্রতিটি অকাট্য বিধান জরুরিয়াতে দীনের অন্তর্ভুক্ত.....৪৪

কোরআন শরীফের সর্বসম্মত অর্থ ও উদ্দেশ্য অস্বীকার করা কোরআন শরীফ অস্বীকার করার মতই। একারণে সে কাফের হয়ে যায় এবং তাকে হত্যা করা ওয়াজিব হয়ে যায়।.....৪৬
যে ব্যক্তি কোনো কাফের বা মুরতাদকে তা'বীল করে মুসলমান সাব্যস্ত করবে কিংবা কোনো সুনিশ্চিত কাফেরকে কাফের না বলবে, তাহলে সেও কাফের.....৪৬
কোরআনে কারীমের আয়াতকে অপাত্রে প্রয়োগ করা এবং এদিক সেদিক ঘুরিয়ে অর্থ ও উদ্দেশ্যকে বর্ণনা করা কুফরী কাজ।.....৪৭
নামাজ রোজার পাবন্দী এবং বাহ্যিক দীনদারী থাকা সত্ত্বেও কুফরী আকীদা পোষণ করলে কিংবা কোন কুফরী করলে মুসলমান কাফের হয়ে যায়...৪৭
যেই তা'বীলের দ্বারা দীনের ক্ষতি হয়, যদিও তার অবকাশ থাকে তবুও তার তা'বীলকারীকে তাকফীর করা হবে.....৪৮
তা'বীল করা শরীয়ত- প্রবর্তকের কথা ত্রুটিপূর্ণ সাব্যস্ত করার নামান্তর..৪৯
কুফর চার প্রকার.....৪৯
কাফেরদের প্রকারভেদ ও নাম.....৫০
যিন্দিকের সংজ্ঞা এবং বাতেনীর বিশ্লেষণ.....৫০
কাফের মুশরিকদের তুলনায় খারেজীদের সাথে জিহাদ করা বেশি জরুরী.৫১
অনিচ্ছায়ও মুসলমান দীন থেকে বের (কাফের) হয়ে যায়.....৫২
শুধু বাহ্যিক অবস্থা অবলোকন করে কারো দীন ও ঈমানের সত্যায়ন করা উচিত নয়.....৫৩
নামাজ রোজার পাবন্দী করা সত্ত্বেও মুসলমান মুরতাদ হয়ে যায়.....৫৪
কুফরী কথা ও কাজে লিপ্ত হওয়ার দ্বারা মুসলমান কাফের হয়ে যায়, যদিও অন্তরে ঈমান থাকে.....৫৫
দীনকে হেফাজত করা হক্কানী ওলামায়ে কেরামের দায়িত্ব.....৫৫
কুফরী আকীদা, কথা এবং কাজের ব্যাপারে নীরবতা জায়েজ নেই.....৫৬
সর্বশেষ সতর্কবাণী.....৫৬

হযরত মাওলানা শাহ আব্দুল আজীজ মুহাদ্দিস দেহলভী রহ- এর ফতোয়া গ্রন্থ থেকে সংকলিত

দারুল ইসলাম কখন দারুল হরবে পরিণত হয়.....৫৮
এই মতটি দুর্বল.....৫৯

হিন্দুস্তানের শ্রেষ্ঠ মুফতী হযরত মাওলানা মুহাম্মদ কেফায়াতুল্লাহ সাহেব রহ. এর ফতোয়া গ্রন্থ থেকে সংকলিত

জিহাদ কখন ফরজ হয়?.....৬১
যে কোনো কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে মুসলমানদের জন্য প্রথমেই জিহাদ শুরু করা বৈধ.....৬৩
যদি কোরআনের শিক্ষা ও কোরআনের দাওয়াতের উপর প্রতিবন্ধকতা হয়, তাহলে ?.....৬৩
প্রতিবন্ধকতার কারণে কোরআন মাজীদ শিক্ষা দেওয়াকে পরিত্যাগ করা৬৪
ফরজ-সমূহ আদায়ের জন্য অনুমতি প্রার্থনা.....৬৪
ঐ ব্যক্তি ইসলাম থেকে বহিষ্কৃত.....৬৫
অধিকাংশ যদি হকের বিপরীতে থাকে, তাহলে ৬৫
ঐ ব্যক্তি মুসলমান নয়.....৬৬
দিফায়ী জিহাদের জন্য হিজরত করার হুকুম.....৬৬
কাশ্মীর যুদ্ধে অত্যাচারিত হয়ে মৃত্যু বরণ করা মুসলমান, শহীদ বলে সাব্যস্ত হবে.....৬৮

হযরত মাওলানা উবাইদুল্লাহ সিন্ধী রহ. -এর তাফসীর থেকে সংকলিত

ছুফীদের ফরজ.....৬৯
ইসলাম ও যুদ্ধ.....৭০
জিহাদ থেকে বিমুখ থাকার এক অপকৌশল ও প্রতারণা (আমীর ছাড়া জিহাদ সম্ভব নয়).....৭১
অপর একটি অপকৌশল ও প্রতারণা (জিহাদ ইমাম মাহদীর আগমনের সঙ্গে সম্পৃক্ত).....৭৩
অনুসরণীয় জামাত (মুজাহিদগণের জামাত).....৭৩
মুনাফিকদের ভুল চিন্তা-চেতনা.....৭৪
অনেক ওলামায়ে কেরামের ভুল চিন্তা চেতনা.....৭৪
বিপ্লব ও জিহাদ (এই ফরজ দায়িত্ব থেকে আলেম ও গায়রে আলেম কেউ যিম্মামুক্ত নয়).....৭৫
নামাজ রোজা এরং জিহাদ.....৭৭
যদি কেউ জিহাদ না করে কিংবা অন্ততপক্ষে তার জন্য প্রস্তুতিও গ্রহণ না করে,তাহলে ৭৮

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের অর্থ.....৭৮
পবিত্র কোরআন সামগ্রিক জিহাদের প্রবক্তা.....৭৯
তুমি একাই জিহাদ করতে পারো.....৮০
আমাদের আলিমদের পদস্খলন.....৮১
মহিলাগণ এবং জিহাদী খেদমত.....৮২
"মুখজ্জিল" এবং "মুরজিফদেরকে" পৃথক করে দেওয়ার প্রয়োজনীয়তা৮২
মুসলমানদের জন্য সতর্কবাণী.....৮৩
এই ধরনের আলেম মুনাফিক.....৮৩
অন্তরে মহর এটে দেওয়ার মর্ম.....৮৪

শাইখুল ইসলাম হযরত মাওলানা হুসাইন আহমদ মাদানী রহ.-এর বক্তব্য সংকলন

ঐ ব্যক্তি নিকৃষ্টতম কাফের.....৮৫

হযরত মাওলানা শাব্বীর আহমদ উসমানী রহ. -এর তাফসীর গ্রন্থ থেকে সংকলিত

লড়াই করা নবীওয়ালা কাজ.....৮৬
জিহাদের প্রতি ভীত হওয়া মূর্খতা বৈ কিছুই নয়.....৮৬
আল্লাহ্ তায়ালার শাস্তি জিহাদের কষ্ট থেকেও কঠিনতর.....৮৭
দিফায়ী জিহাদ সমস্ত মুসলমানদের উপর ফরজ হয়ে যায়.....৮৮
কোরআন বুঝার তৌফীক মুনাফিকদের হয় না.....৮৮
জিহাদ ইত্যাদির মাধ্যমে বান্দাদেরকে পরীক্ষা করাই উদ্দেশ্য.....৮৮
মুসলমান বন্ধুগণ! অবহেলা করো না, সাহস হারাইও না.....৮৮
কাফেরদের আধিক্যতা ও অস্ত্র-সস্ত্রের কারণে ভীত-সন্ত্রস্ত না হওয়া.....৮৯
জিহাদ হলো ঈমান যাচাই করার কষ্টিপাথর.....৮৯
হাজীদেরকে পানি পান করানো এবং মসজিদসমূহ নির্মাণ করার চেয়ে জিহাদ করা হলো উত্তম আমল.....৮৯
জিহাদের সর্বশেষ লক্ষ্য-উদ্দেশ্য.....৯০

হযরত মাওলানা মুফতী মুহাম্মদ শফী' রহ.-এর রচনা থেকে সংকলিত

জিহাদ শব্দের অর্থ.....৯১
ইসলামী শরীয়তে জিহাদের অবস্থান.....৯১

ইসলামের রুকনসমূহ থেকে একটি রুকন হলো জিহাদ ফী সাবীলিল্লাহ্.৯২
ফরজে কেফায়া কখনো কখনো ফরজে আইন হয়ে যায়.....৯৩
জিহাদ কখন ফরজে আইন হয়ে যায়.....৯৩
প্রত্যেক মুসলমানের দায়িত্ব.....৯৪
জিহাদ তখন সমস্ত ইবাদতের চেয়ে উত্তম হয়ে যায়.....৯৪
জিহাদে অংশগ্রহণ করা শতগুণে উত্তম.....৯৫
মুসলমানদের ধ্বংসের কারণ.....৯৫
জিহাদ ছেড়ে দেওয়ার ক্ষতি.....৯৬
জিহাদ ছেড়ে দেওয়ার উপর সতর্কবাণী এবং দুনিয়াতে তার শাস্তি ও ক্ষতি.৯৬
তরকে জিহাদ বিপদ ও শাস্তি ডেকে আনে.....৯৭
জিহাদে অংশগ্রহণ করার জন্য মুত্তাকী-পরহেজগার হওয়া কোনো শর্ত নয়.৯৮
পিতা-মাতার অনুমতি ছাড়াই জিহাদের জন্য বের হওয়া.....৯৮
হিন্দুস্তানের জিহাদের বিশেষ গুরুত্ব ও ফজীলত.....৯৯
হিন্দুস্তানের জিহাদ দ্বারা কোন জিহাদ উদ্দেশ্য?.....৯৯
হিন্দুস্তান দারুল হরব.....১০০
জিহাদের জন্য প্রস্তুতি এবং তার আসবাব পত্র সংরক্ষণ করে রাখাও ফরজ.১০০
যুদ্ধের অস্ত্র-সস্ত্র তৈরির কাজ শেখার উদ্দেশ্যে সাহাবায়ে কেরামের ভিন্ন দেশ সফর করা.....১০০
জিহাদের জন্য প্রস্তুতি নেওয়া ঈমানের দাবি.....১০২
হাজীদেরকে পানি পান করানো এবং মসজিদুল হারাম নির্মাণ করার চেয়েও জিহাদ করা উত্তম.....১০২
সর্বাবস্থায় অন্যান্যদের উপর মুজাহেদীনদের ফজীলত.....১০২
সকল মুসলমান ফরজ তরক করার গুনায় গুনাহগার হবে ১০৩
সর্ব প্রথম কাদের সঙ্গে জিহাদ করা উচিত.....১০৪
মুসলমানদেরকে কাফেররা যেন দুর্বল মনে করতে না পারে.....১০৪
জিহাদের উদ্দেশ্য.....১০৫
আক্রমণাত্মক ও প্রতিরক্ষামূলক উভয় প্রকার জিহাদই কিয়ামত পর্যন্ত ফরজ করা হয়েছে.....১০৫
ঐ ধর্ম পূর্ণাঙ্গ নয়, যে ধর্মে জিহাদ নেই.....১০৫
জিহাদ অপারেশন তুল্য.....১০৬
জিহাদের সময়-কাল.....১০৬
দোয়া.....১০৭

হযরত মাওলানা মুহাম্মদ ইদ্রীস কান্ধলবী রহ.-এর রচনা থেকে সংকলিত

বাহাদুরি রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের মধ্যেই রয়েছে.১০৮
জিহাদের মাধ্যমে আল্লাহ তায়ালা মুসলমানদেরকে ভূপৃষ্ঠে রাজত্ব এবং কর্তৃত্ব দান করবেন.....১০৮
হে মুসলিম উম্মাহ! দুর্বলমনা ও ভীত-সন্ত্রস্ত হয়ো না.....১০৯
জিহাদ থেকে দূরে থাকা দুনিয়ার প্রতি আসক্ত ও নিমগ্ন থাকার আলামত..১০৯
জিহাদ হেদায়েতের মাধ্যম.....১১০
ঈমানের একটি শর্ত হলো, ইসলামের শত্রুদেরকে অপছন্দ করা.....১১১
জিহাদ হলো হেকমত ও কল্যাণ সম্মত.....১১১
জিহাদ এক বিশেষ অনুগ্রহ.....১১২
শুধু এ ক্ষেত্রেই কেন প্রশ্ন তোলা হয়?.....১১৩
জিহাদ কেন প্রয়োজন?.....১১৩
যদি জিহাদের বিধান না থাকত, তাহলে ১১৪
জিহাদ কী ?.....১১৪
হিজরত এবং জিহাদের প্রস্তুতি.....১১৫
কুফরী শক্তির পরিসমাপ্তি না ঘটা পর্যন্ত জিহাদ অব্যাহত রাখ.....১১৫
জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্য.....১১৬
বীরত্ব ও বাহাদুরি রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুকরণের মধ্যেই নিহিত আছে.....১১৭

শাইখুত-তাফসীর হযরত মাওলানা আহমদ আলী লাহোরী রহ. এর তাফসীর থেকে সংকলিত

জিহাদের জন্য সদা-সর্বদা প্রস্তুত থাক.....১১৮
মুসলমানদের উচিত জীবন মৃত্যুর প্রশ্নে না জড়ানো.....১১৯
আমি সব ধরনের সাহায্য করব.....১১৯
সফলতার উপায়.....১১৯
জিহাদ আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় আমল.....১১৯
জিহাদের মাধ্যমে মুক্তি সুনিশ্চিত.....১১৯
এটা জিহাদ পরিত্যাগের কারণ হতে পারে না.....১২০
জিহাদের ঘোষণা হওয়ার পর.....১২০

মুনাফিক প্রকৃতির লোক.....১২০
ওরা জিহাদের এই মোবারক সফরের যোগ্যই নয়.....১২০

শাইখুল হাদীস মাওলানা আব্দুল হক সাহেব রহ.এর ফতোয়া গ্রন্থ থেকে সংকলিত

نفیرعام (নফীরে-আম) দ্বারা কী উদ্দেশ্য?.....১২২
জিহাদের ফরজ দায়িত্ব পালনের জন্য আমীর নির্ধারণ.....১২২
আফগান জিহাদের বিধান.....১২৩
কাশ্মীর জিহাদের বিধান.....১২৩
বার্মা জিহাদের বিধান.....১২৩
বোসনিয়া জিহাদের বিধান.....১২৪
জিহাদের জন্য পিতা-মাতার অনুমতি.....১২৫
জিহাদের জন্য স্ত্রী-সন্তানের অনুমতি.....১২৫
আলেম ব্যক্তি জিহাদের জন্য বের হওয়া.....১২৫
মুজাহিদ-বিরোধীদের হত্যা করা.....১২৬
জিহাদ থেকে দূরে থাকার অনুমতি তলব করা মুনাফিকী স্বভাব.....১২৭

হযরত মাওলানা রশীদ আহমদ লুদিয়ানুভী রহ. -এর ফতোয়া ও রচনা থেকে সংকলিত

"জিহাদ" শব্দের আসল অর্থ.....১২৮
বর্তমানে জিহাদ ফরজ.....১২৮
দারুল হরব.....১২৯
কুফরী হুকুমতের বিরুদ্ধে জিহাদ করা.....১২৯
রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের হুকুমের সামনে সব ধরনের....১৩০
মাদরাসাওয়ালাদের ভুল দৃষ্টিভঙ্গী.....১৩৫
যারা আল্লাহ তায়ালার রাযী-খুশির উদ্দেশ্যে দীনী কাজ করেন, তাঁদের আমল ও দৃষ্টিভঙ্গী কেমন হবে?.....১৩৬
আমরা শুধু হুকুমের গোলাম.....১৩৭
হযরত মাওলানা মুহাম্মদ সারফারায খান সফদর লিখেছেন-.....১৩৮
মুসলিম নারী বন্দী হলে করণীয়.....১৩৮
শাহাদাতের মর্যাদা.....১৩৮
ঐ ব্যক্তি নিফাকির শাখার উপর মৃত্যুবরণ করবে.....১৩৯

হিন্দুস্থানের জিহাদের ফজিলত.....১৩৯
জিহাদ কখন ফরজে আইন হয়?.....১৪০

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর রচনা থেকে সংকলিত

'জিহাদ' শব্দের অর্থ.....১৪১
'জিহাদ' একটি ইবাদত.....১৪১
জিহাদের উদ্দেশ্য কী ?.....১৪১
'জিহাদ'গুরুত্বপূর্ণ একটি রুকন.....১৪৩
মুসলমানদের পরাজয়ের কারণ.....১৪৩
জিহাদ না করার গুনাহে আমরা লিপ্ত.....১৪৩
'জিহাদ' ফরজ হওয়ার বিবরণ.....১৪৪
'মতলক জিহাদ' অস্বীকারকারী কাফের.....১৪৫
দিফায়ী জিহাদ ফরজ.....১৪৬
জিহাদের পূর্বে দাওয়াত দেওয়া জরুরী কী.....১৪৭
ফরজ দাওয়াত' দুনিয়ার সকলের কাছে পৌঁছে গেছে.....১৪৮
জিহাদের হুকুম পর্যায়ক্রমে নাযিল হয়েছে.....১৪৮
ইবতেদায়ী জিহাদও জায়েজ.....১৪৯
একটি ভুল ধারণা.....১৫০
কিছু দীনদার মহলের "গলতফাহমী" এবং এর জবাব.....১৫১
ইকামাতে দীনের খাতিরে 'হিজরত' করা ওয়াজিব.....১৫৩
ইমাম মাহদীর অপেক্ষায় থেকে জিহাদের প্রস্তুতি না নেওয়া.....১৫৫

হযরত মাওলানা মুফতী সাঈদ আহমদ পালনপুরী হাফিযাহুল্লাহ লিখেছেন

'জিহাদ' শব্দের অর্থ.....১৫৭
'ফী সাবীলিল্লাহ'কে অন্য কাজে মিলানো.....১৫৮
হযরত মাওলানা মুফতী নূর আহমদ বাংলাদেশী লিখেছেন :.....১৬০

অনুবাদকের কথা

শুরুতেই যা বলতে হয়

বইটি হাতে নেওয়া মাত্রই পাঠকের মনে হয়তো প্রশ্ন উদিত হতে পারে, এই ধরনের বই অনুবাদ করার প্রয়োজন হলো কেন?

শুরুতেই প্রশ্নটির উত্তরে না গিয়ে, পাঠকের সামনে কিছু কথা পেশ করতে চাই। আশা করি, কথাগুলোর মধ্যে পাঠক তার প্রশ্নের উত্তর খুঁজে পাবেন। নিঃসন্দেহে আকাবিরে উম্মত সকল ক্ষেত্রেই আমাদের পথ-প্রদর্শক। উম্মতের রাহবার। তাই সঠিকভাবে কোরআন-সুন্নাহ বুঝার ক্ষেত্রেও আমরা তাদের শরণাপন্ন হই। শরণাপন্ন হওয়া আমাদের জন্য আবশ্যকও বটে। কিন্তু একথা তো সর্বজন স্বীকৃত যে, মুজতাহিদ ফুকাহায়ে কেরামের মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ দলীল হিসেবে উম্মতের সামনে পেশ করা গেলেও, নিজেদের কোনো উস্তায বা মুরব্বীর মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ দলীল হিসেবে উম্মতের সামনে পেশ করা যায় না। যতক্ষণ পর্যন্ত না কোরআন-সুন্নাহ্‌র আলোকে তাদের মতামতকে যাচাই-বাছাই করা হয়।

তাই মুজতাহাদ ফী মাসআলার ক্ষেত্রে আমরা যদি মুজতাহিদ ফুকাহায়ে কেরামের মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণের অনুসরণ করি, তবে তা উছূল ও নিয়ম-কানুন অনুযায়ী গ্রহণযোগ্য হলেও, আমাদের কোনো উস্তায ও মুরব্বির ক্ষেত্রে তা সঠিক বলে বিবেচ্য নয়। অথচ চোখ বন্ধ করেই এই কাজটি আমরা করে চলেছি। ফলে অনেক ক্ষেত্রেই আমরা বাড়াবাড়ি ও কড়াকড়িতে লিপ্ত হয়ে পড়ি। এটি নিয়ে কিছুটা হলেও আমাদের চিন্তা-ভাবনা করা উচিত।

সুতরাং আমাদের উস্তায ও বর্তমান মুরব্বীগণ জিহাদ ফী সাবীলিল্লাহ এবং তার পথ ও পদ্ধতি সম্পর্কে যে চিন্তা-চেতনা লালন করে থাকেন এবং যে ব্যাখ্যা-বিশ্লেষণ তাঁরা আমাদের সামনে পেশ করেন। তা নিয়ে কোরআন-সুন্নাহ্‌র আলোকে যাচাই-বাছাই করা বর্তমান সময়ের জোরালো দাবী বলেই মনে হয়। অবশ্য আমাদের ওলামায়ে দেওবন্দের অনেক আকাবিরই এ সম্পর্কে সঠিক ব্যাখ্যা-বিশ্লেষণ উম্মতের সামনে পেশ করে গেছেন। ফলে তা নিয়ে আমাদের পড়াশোনা করা, সঠিকভাবে যাচাই-বাছাই করা

অনেকটাই সহজ হবে বলে মনে হয়। তাছাড়া আমাদের আকাবিরে দেওবন্দ যেহেতু তাকওয়া ও পরহেজগারিতে, হুসনে আখলাক ও আল্লাহ ভীতিতে বেনজীর ছিলেন। সর্বোপরি কোরআন-সুন্নাহ সম্পর্কেও প্রগাঢ় জ্ঞানের অধিকারী ছিলেন। তাই তাদের মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ নিঃসন্দেহে উম্মতের কাছে গ্রহণ-যোগ্য বলেই বিবেচ্য। কেননা, তারা তা কোরআন-সুন্নাহ কিংবা মুজতাহিদ ফুকাহায়ে কেরামের ব্যাখ্যা-বিশ্লেষণ থেকেই গ্রহণ করেছেন। ফলে জিহাদ ফী সাবীলিল্লাহ সম্পর্কে তাঁদের মতামতগুলো আমাদেরকে এ বিষয়ে সঠিক দিকনির্দেশনা দিবে বলেই, পাঠকের সামনে সেগুলোকে আমরা পেশ করার চেষ্টা করেছি। সুতরাং পাঠকের কাছে আমাদের প্রত্যাশা হলো, আকাবিরে উম্মতের এসব মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ-গুলোকে তারা মনোযোগ সহকারে পাঠ করবেন এবং গভীর-ভাবে চিন্তা-ভাবনা করে সঠিক মত ও পথকে তারা গ্রহণ করবেন।

অবশ্য যে সব মাসআলার ক্ষেত্রে স্বয়ং আকাবিরদের মাঝেই ইখতেলাফ রয়েছে। সে ক্ষেত্রে আমরা যদি কোনো আকাবিরের সেই মতকে গ্রহণ করি, যা শুধু যুক্তি-প্রমাণের নিরিখেই নয় বরং কোরআন-সুন্নাহ্‌র সুস্পষ্ট ও সুদৃঢ় দলীল-প্রমাণের মাধ্যমে সুসাব্যস্ত ও সুপ্রমাণিত। সর্বোপরি তা আমাদের হৃদয়কেও প্রশান্ত করে। তাহলে এর দ্বারা অন্য আকাবিরদেরকে ছোট করা বা তাদেরকে অমান্য করা হবে না। আমরা তাদের অনুসারী নই, এ কথাও বলা যাবে না। কেননা, কোনো কোনো মাসআলা এবং পথ ও পদ্ধতির ক্ষেত্রে দু'এক জন আকাবিরের পদস্খলন হওয়া অস্বাভাবিক কিছু নয়। বরং পদস্খলন হওয়াটাই প্রমাণিত বাস্তব সত্য। যা আহলে ইল্‌ম মাত্রই অবগত আছেন। তাহলে শুধু এই কারণে কীভাবে বলা যাবে যে, আমরা তাদের প্রকৃত অনুসারী নই?

অথচ আমরা সবাই-ই তো মুজতাহিদ ফুকাহায়ে কেরামের ক্ষেত্রে এ বিষয়ে সঠিক নিয়মটির অনুসরণ করে থাকি।

উদাহরণ স্বরূপ : কোনো কোনো মাসআলার ক্ষেত্রে দেখা যায়, ইমামে আজম আবু হানিফা রহ. -এর মতের উপর আমল না করে, আমরা সাহেবাইন রহ. -এর মতের উপর আমল করে থাকি। বেশকিছু মাসআলার ক্ষেত্রে তো আমরা ইমাম যুফার রহ. -এর মতের উপরও আমল করি। কোনো কোনো মাসআলায় তো এমনও হয় যে, আমরা অন্য মাযহাবের

ইমামদের মতের উপর আমল করে থাকি। তাহলে এর দ্বারা কি ইমামে আজম আবু হানিফা রহ. -কে ছোট করা হয়? তাঁকে কি অমান্য করা হয়? নাকি একথা বলা হয় যে, আমরা তাঁর মাযহাব থেকে বের হয়ে গেছি? না, তা বলা হয় না। তাহলে নিকটবর্তী আকাবিরের ক্ষেত্রে আমরা তা ভুলে যাই কেন? কেন বলা হয়, আমরা আকাবিরের পথ থেকে সরে পড়েছি? এই দ্বিমুখী কর্ম-পদ্ধতি কিংবা দ্বিমুখী চিন্তা-চেতনা লালন করা কি কোনো বুদ্ধিমানের কাজ হতে পারে? এ নিয়ে আমাদেরকে অবশ্যই চিন্তা-ভাবনা করা উচিত।

আমাদেরকে আরো একটি বিষয় নিয়ে চিন্তা-ভাবনা করা উচিত। সেটি হলো, কখনো কখনো এমন হয় যে, কোনো বিষয়ে যখন ইখতেলাফ দেখা দেয়, তখন আমরা সেই বিষয়ে যিনি সব চেয়ে বেশি দক্ষ ও অভিজ্ঞ, যিনি চেষ্টা-সাধনা, গবেষণা-আরাধনায় সব চেয়ে বেশি অগ্রসর, আমরা তার মতটিকেই গ্রহণ করে থাকি। উদাহরণ স্বরূপ : তাযকিয়া ও সুলূকের কোনো বিষয় নিয়ে যদি ইখতেলাফ দেখা দেয়। তাহলে এই বিষয়ে যিনি সব চেয়ে বেশি দক্ষ ও অভিজ্ঞ, তার কথাই গ্রহণ-যোগ্য বলে বিবেচিত হয়। অন্তত এই বিষয়ে সবাই তাঁকেই মান্য করে, তাঁর কথার অনুসরণ করে থাকে। তাই নয় কি?

তাহলে জিহাদ ফী সাবীলিল্লাহ্‌র ক্ষেত্রে আমরা এই নিয়মটি ভুলে যাই কেন?কেন আমরা বলে থাকি, বর্তমানে আমাদের উপর জিহাদ ফরযে আইন হয়নি?অথচ সমগ্র বিশ্বের সকল মুজাহিদ আলেম এ বিষয়ে একমত পোষণ করেছেন যে, জিহাদ বর্তমানে ফরজে আইন হয়ে গেছে। তাহলে কেন এবিষয়ে মুজাহিদ আলেম ও আকাবিরের উপর অন্য সব আলেমদেরকে প্রাধান্য দেওয়া হয়?জিহাদ বিষয়ে অভিজ্ঞওদক্ষ আলেমদের ফতোয়াকে কেন গ্রহণ করা হয় না? কেন এমন সব আলেমদের থেকে এ বিষয়ে ফতোয়া তলব করা হয়, যারা কখনো জিহাদের ময়দানে অংশগ্রহণ করেন নি?

কোনো কোনো আকাবিরে উম্মতের ক্ষেত্রে কখনো কখনো এমনও হয় যে, প্রতিকূল পরিবেশ ও পারিপার্শ্বিকতার কারণে শরীয়তের কোনো মাসআলার উপর আমল করতে গিয়ে, বাধ্য হয়ে কিছুটা শিথিলতা প্রদর্শন করতে হলেও, এ বিষয়ে সঠিক কথা বলা থেকে তাঁরা নীরব থাকেন না। তাঁরা অকপটে তাঁদের অক্ষমতা ও দুর্বলতা উম্মতের সামনে পেশ করে থাকেন।

তাই এই সমস্ত ক্ষেত্রে আকাবিরদের কর্মের উপর তাঁদের কথা ও মতামতকে প্রাধান্য দেওয়াই অধিক যুক্তি-সঙ্গত মনে হয়। তাই তাঁদের মতামতকে অগ্রাহ্য করা উচিত হবে না শুধু এই যুক্তিতে যে, যদি সঠিক বিষয়টি এমনই হয়, তাহলে আকাবিরগণ এই মুহূর্তে তা পালন করছেন না কেন? এ থেকে বুঝা যায় বর্তমানে জিহাদ আমাদের উপর ফরযে আইন হয়নি। তা না হলে কেন তাঁরা ময়দানে ঝাঁপিয়ে পড়ছেন না? তাঁরা কি কোরআন-সুন্নাহ আমাদের চেয়ে কম বুঝে থাকেন? এই ধরনের খোঁড়া যুক্তি পেশ করে জিহাদ ফী সাবীলিল্লাহ্ থেকে গা বাঁচানো এবং জিহাদ ফী সাবীলিল্লাহ্র মহান ফজিলত থেকে বঞ্চিত হয়ে, আখিরাতের সফলতার স্বপ্ন দেখা কি কোনো মুমিনের কাম্য হতে পারে? অন্তত কোনো বুদ্ধিমান মুমিনের কাজ এটি হতে পারে না। বরং বুদ্ধিমান মুমিনগণ আল্লাহর পথে অন্য সবার চেয়ে দ্রুত গতিতে অগ্রসর হবেন, এটিই কাম্য। আল্লাহ্ তায়ালা আমাদের সবাইকেই সেই তৌফীক দান করুন। আমীন!

প্রিয় পাঠক! উপরের কথাগুলোকে মনে রেখে, জিহাদ ফী সাবীলিল্লাহ্ সম্পর্কে আকাবিরদের মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ-গুলোকে অধ্যয়ন করলে, আশা করা যায়, যে কোনো সচেতন পাঠক মাত্রই নিম্নের বিষয়গুলো সম্পর্কে একমত পোষণ করবেন।

১. আল্লাহ তায়ালার কাছে ঈমানের পর সব চেয়ে বেশি প্রিয় আমল ও ফজীলত পূর্ণ ইবাদত হলো, জিহাদ ফী সাবীলিল্লাহ্য় অংশগ্রহণ করা।

২. জিহাদে শরীক হওয়া নবীওয়ালা কাজ। বরং সমস্ত নবীওয়ালা কাজগুলোর মধ্যে সবচেয়ে বেশি কঠিন ও জটিল। তাই নবী ও সিদ্দীকদের পরের স্তরই হলো শহীদদের স্তর।

৩. দাওয়াত ও তা'লীম অত্যন্ত গুরুত্বপূর্ণ আমল। কিন্তু যখন জিহাদ ফরজে আইন হয়ে যায়, তখন জিহাদের গুরুত্ব বেড়ে যায় এবং জিহাদ ফী সাবীলিল্লাহ্য় অংশগ্রহণ করা সবার উপর আবশ্যক হয়ে যায়।

৪. নামাজ, রোজা, হজ, যাকাতের মত জিহাদও একটি ফরজ ইবাদত। বরং বর্তমান সময়ে তা ফরজে আইন হয়ে যাওয়ার কারণে, তাতে অংশগ্রহণ করা সমস্ত ইবাদতের উপর প্রাধান্য পাবে।

৫. মুসলিম জাতি বিজয়ী হওয়ার একমাত্র পথ হলো, জিহাদ ফী সাবীলিল্লাহ্। তাই এ পদ্ধতি ছাড়া অন্য কোনো পদ্ধতিতে ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করা একেবারেই অসম্ভব।

৬. জিহাদ ফী সাবীলিল্লাহ্য় অংশগ্রহণ করতে পারা আল্লাহ্ তায়ালার বিশেষ অনুগ্রহ ও রহমত। আর তা থেকে বিমুখতা প্রদর্শন করা মুনাফিকের আলামত। এ ক্ষেত্রে মুরব্বীদেরকে বাহানা বানানো জিহাদ ফী সাবীলিল্লাহ্ থেকে বিমুখ থাকার পরিচয় বহন করে।

৭. যারা নিজেদেরকে সুন্নতের অনুসারী বলে দাবী করেন। অথচ জিহাদ ফী সাবীলিল্লাহ্ থেকে বিমুখতা প্রদর্শন করেন। তাদের দাবী অগ্রহণযোগ্য হিসেবেই বিবেচিত।

৮. ইকদামী তথা আক্রমণাত্মক এবং দিফায়ী তথা আত্মরক্ষা-মূলক, উভয় প্রকার জিহাদই কিয়ামত পর্যন্ত ফরজ রূপে গণ্য। তাই জিহাদ করার জন্যে সদাসর্বদা প্রস্তুতি গ্রহণ করা ঈমানের দাবী বলেই বিবেচ্য। প্রস্তুতি গ্রহণ করা থেকে বিরত থাকা দুর্বল ঈমানেরই পরিচায়ক।

যাই হোক, আশ্চর্যের বিষয় হলো, জিহাদ ফী সাবীলিল্লাহ্ সর্বাধিক গুরুত্ব ও ফজীলত পূর্ণ ইবাদত হওয়া সত্ত্বেও, এ সম্পর্কে আমাদের পড়া-শোনা, আলোচনা-গবেষণা নেই বললেই চলে। যার ফলে দেখা যায়, দীনের অন্যান্য বিষয়ে প্রাজ্ঞও অভিজ্ঞ আলেম হওয়ার পরেও জিহাদ বিষয়ে আমরা অ, আ, ক, খ স্তরের ছাত্রই থেকে যাই। এ কারণেই জিহাদ বিষয়ে আমাদের মন্তব্য ও আলোচনাগুলো মক্তবের শিশুদের মতই পরিলক্ষিত হয়। যেন দীনী বিষয়ে এইমাত্র আমাদের হাতে-খড়ি হলো। সঠিকভাবে জিহাদের সংজ্ঞাটা পর্যন্ত আমরা বলতে পারি না। জানি না জিহাদের শর্ত, প্রকার ও হেকমতসমূহ। বলতে পারি না কখন থাকে জিহাদ ফরজে কেফায়া এবং কখন হয়ে যায় ফরজে আইন। এ বিষয়ে অন্যান্য বিধিবিধান জানার তো কোনো প্রশ্নই ওঠে না। ফলে জিহাদের আয়াত ও হাদীসগুলোর ক্ষেত্রে বিভিন্ন রকম ভুল ব্যাখ্যা এবং তাহরীফ ও তাবীলে আমরা লিপ্ত হয়ে পড়েছি। জিহাদের ফজীলত সম্বলিত আয়াত ও হাদীসকে আমরা ব্যবহার করে চলেছি দাওয়াত ও তালীমের ক্ষেত্রে, লেখালেখি ও রাজনীতির ময়দানে। যার ফলেই আমরা আটকে পড়েছি নব আবিষ্কৃত নানা রকম কর্ম-কাণ্ডের বেড়াজালে। এ কারণেই জিহাদ ফী সাবীলিল্লাহ্র উপর হাজারো রকম সন্দেহ ও সংশয়ের আবরণ সৃষ্টি করে চলেছি আমরা নিজেরাই। অথচ এটি তো সবারই জানা কথা যে, জিহাদ গুরুত্ব ও ফজীলত পূর্ণ একটি ফরজ ইবাদত। ফরজ ইবাদত সম্পর্কে এই ধরনের

অবহেলা ও অজ্ঞতা প্রদর্শন করা কি কোনো প্রকৃত মুসলমানের কাজ হতে পারে?

অথচ দীন সম্পর্কে প্রাজ্ঞ ও অভিজ্ঞ ব্যক্তিগণও জিহাদ ফী সাবীলিল্লাহ্‌র ক্ষেত্রে এই ধরনের অবহেলা ও অজ্ঞতার শিকার হয়ে পড়েছেন। একটা সময় ছিল, যখন তাদের ক্ষেত্রে তা কল্পনা করার মতও ছিল না। অথচ বর্তমানে বাস্তবেই তা পরিলক্ষিত হচ্ছে। হায় আল্লাহ্! আমাদেরকে সঠিক বুঝ দান করুন। আমীন!

প্রিয় পাঠক! আপনাকেই প্রশ্ন করি- এই মুহূর্তে কেউ যদি আমাকে এই সংবাদ দেয় যে, তোমার শত্রুরা তোমার দিকে অস্ত্র হাতে ধেয়ে আসছে, তোমার কাছ থেকে ঈমান হরণ করার জন্য। কিংবা হত্যা করে তোমাকে পৃথিবী থেকে বিদায় করে দেওয়ার জন্য। তোমার মা-বোনের ইজ্জত-আবরু নিঃশেষ করে ওদের দাসী হিসেবে ব্যবহার করার জন্য। তাহলে ঠিক এই মুহূর্তে আমার করণীয় কী হবে? আমি কি আল্লাহ তায়ালার আদেশ অনুযায়ী ই'দাদ গ্রহণ করেছি? আমি কি ওদের মোকাবেলা করার জন্য প্রস্তুত হয়েছি? আমি কি আমার ঈমান রক্ষা করতে পারবো? আমি কি পারবো আমার মা-বোনের ইজ্জত রক্ষা করতে? মনে হয়, পারবো না। কারণ, আল্লাহ্ তায়ালা যেই ধরনের প্রস্তুতি গ্রহণ করার আদেশ আমাকে করেছেন এই আয়াতটি উল্লেখ করে,

واعدوا لهم ماستطعتم من قوة.....

আমি এই আয়াতটির উপর আমল করতে পারিনি। আমি পারিনি এখনো ঘুম থেকে জাগ্রত হতে। অজ্ঞতা ও অবহেলার চাদর খুলে ছুঁড়ে মারতে। কল্পনার জীবন থেকে বাস্তব সম্মত জীবনে ফিরে আসতে। জানি না, আর কত দিন আমার এভাবে কাটবে!!

অথচ বিশ্ব পরিস্থিতির প্রতি স্বাভাবিকভাবে লক্ষ করলেই বুঝা যায়, সব প্রস্তুতি শেষ করে দাজ্জালি বাহিনী এগিয়ে আসছে মুসলিমদের ঈমান হরণ করার জন্য। মুসলমানকে এই পৃথিবী থেকে নিশ্চিহ্ন করে দেওয়ার জন্য। ওদের মোকাবেলায় কি মুসলিমদের কিছুই করার নেই?

এই ধরনের পরিস্থিতিতে কোন্ পন্থা অবলম্বন করেছিলেন সাহাবায়ে কেরাম? রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জীবদ্দশায় কোন্ আমল ও পদ্ধতি গ্রহণ করে অগ্রসর হয়েছিলেন?

ইতিহাস, সিরাত, তাফসীর ও হাদীস গ্রন্থগুলো উম্মতকে এই সাক্ষই প্রদান করে যে, এই ধরনের পরিস্থিতিতে রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরাম জিহাদ ফী সাবীলিল্লাহ্‌র পথকেই অবলম্বন করেছিলেন। এই পথেই নিজেদের জীবন কোরবান করে ছিলেন। তবুও কেন আমরা এই পথ অবলম্বন করা থেকে এখনো দূরে রয়েছি? আমাদের কি প্রস্তুতি গ্রহণ করার সময় এখনো হয়নি? আমাদের হৃদয়ে কি গাজওয়ায়ে হিন্দে শরীক হওয়ার তামান্না এখনো জাগ্রত হয়নি?

প্রিয় ভাই আমার! বিশ্বাস করুন, জিহাদ বিষয়ে আমার কাছ থেকে যতই অবহেলা প্রকাশ পাবে, আমি ততই পিছিয়ে পড়বো গাজওয়ায়ে হিন্দের মহা-ফজীলত থেকে। আল্লাহ্ তায়ালার রেজামন্দি ও পরম সৌভাগ্য অর্জন করা থেকে। আল্লাহ না করুন, এ বিষয়ে আমার অবহেলা ও অজ্ঞতার কারণে হতে পারে নিজের অজানতেই দাজ্জালি বাহিনীতে আমি যোগ দিয়ে ফেলেছি। দূরে সরে পড়ছি কালো পতাকাবাহী মাহ্‌দী-কাফেলা থেকে। হে আল্লাহ! আপনার আশ্রয় প্রার্থনা করি।

প্রিয় ভাই আমার! মুসলিম ভাইদের চিৎকার-আহাজারি, মা-বোনদের করুণ আর্তনাদ কর্ণপাত করার সময় কি এখনো আসেনি? এখনো কি সময় হয়নি শত্রুদেরকে হত্যা করে জাহান্নামে পাঠানোর? আর কখন আসবে অস্ত্র হাতে নেওয়ার সুন্নত পালন করার সময়?

মুসলিম ভাই আমার! ওঠো! জাগো! অজ্ঞতা দূর করে, অবহেলার চাদর ছুঁড়ে ফেলে শত্রুদের উপর পূর্ণ শক্তিতে ঝাঁপিয়ে পড়ো, আল্লাহ্‌র দীনকে বিজয়ী করার লক্ষ্যে। মানব রচিত বিধানকে ডাষ্টবিনে নিক্ষেপ করে এই পৃথিবীতে আল্লাহ্‌র আইন বাস্তবায়ন করার উদ্দেশ্যে।

সম্মানিত ওলামায়ে কেরাম! আর কতকাল গোপন রাখা হবে আল্লাহ তায়ালার বিধানকে? আর কতকাল ভ্রান্ত-ব্যাখ্যার আশ্রয় নেওয়া হবে? আমাদের কি দায়িত্ব নয় আল্লাহ্ তায়ালার সুস্পষ্ট বিধানগুলো মুসলিম ভাইদেরকে জানিয়ে দেওয়া? আর কতদিন চলবে কাফের-মুরতাদদের সাথে সমঝোতার বাহানা ও অজুহাত? আমাদের কি একবারও মনে পড়ে না এই আয়াতটির কথা,

يايها النبي حرض المؤمنين على القتال.....

"হে নবী! উদ্বুদ্ধ করুন আপনি মুমিনদেরকে কিতাল করার জন্য।"

এখনো কি সময় হয়নি এই আয়াতের উপর আমল করার? কী জবাব পেশ করবো আমরা আল্লাহর সামনে, যদি সঠিক দীন পৌঁছানোর ব্যাপারে আমাদেরকে জিজ্ঞাসা করা হয়?

সুতরাং হে বন্ধুগণ! আসুন দীন প্রতিষ্ঠার লড়াইয়ে, জিহাদ ফী সাবীলিল্লাহ্‌র পথে উম্মতকে আমরা সঠিক দিক নির্দেশনা পেশ করি সেই লক্ষ্যেই মুসলিম ভাইদের সামনে পেশ করছি আমাদের সামান্য এই উপহার। মহান আকাবিরদের বাণী, মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ সম্বলিত ছোট্ট এই বইটির অনুবাদ।

প্রিয় পাঠক! বইটি সংকলন করেছেন প্রকৃত একজন আলেমে দীন ও মর্দে মুজাহিদ "মোল্লা ইয়ার মুহাম্মদ"। তিনি তাঁর সংকলিত বইটির নাম রেখেছেন, "জিহাদ ও কিতাল আকাবিরে উম্মত কি নজর মে"। বইটিতে একটি বাক্যও তিনি নিজ থেকে উপস্থাপন করেননি। বরং আকাবিরদের তাফসীর গ্রন্থ, ফতোয়ার কিতাব ও অন্যান্য রিসালা থেকে তাদের মতামত ও ব্যাখ্যা-বিশ্লেষণ হুবহু তিনি তাতে উপস্থাপন করেছেন। ফলে জিহাদ ফী সাবীলিল্লাহ্ সম্পর্কে আকাবিরদের চিন্তা-চেতনাগুলো সুস্পষ্টভাবে বইটিতে স্থান পেয়েছে। পাঠক বইটি পাঠ করে অবশ্যই বিস্ময়ে অভিভূত হবেন। এ কারণে যে, জিহাদ ফী সাবীলিল্লাহ্ সম্পর্কে আকাবিরগণ এমন অনেক কথাই বলে গেছেন, যার বিপরীত কথাগুলোকে দরবারি আলেমরা আকাবিরদের দিকে নিসবত করে থাকে। অথচ পাঠক বইটির চরণে চরণে প্রমাণ পাবেন, দরবারি আলেমদের এসব কথা তাদের বানানো মুখের বুলি ছাড়া আর কিছুই নয়। তাদের কথাগুলো আকাবিরের প্রতি সুস্পষ্ট অপবাদ এবং জঘন্যতম মিথ্যার অন্তর্ভুক্ত। এ ধরনের দরবারি আলেমদের কাফেলাভুক্ত হওয়া থেকে আল্লাহ্ তায়ালা মুসলিমদেরকে হেফাজত করুন। আমীন!

প্রিয় পাঠক! বইটি অনুবাদ করার ক্ষেত্রে চেষ্টা করা হয়েছে, যেন আকাবিরদের বাক্যের অর্থ ও মর্ম হুবহু ঠিক থাকে। যেন নিজের পক্ষ থেকে অতিরিক্ত কোনো বাক্য বা মর্মের অনুপ্রবেশ না ঘটে। ফলে অনেকটা বাধ্য হয়েই বইটিতে শাব্দিক তরজমা উপস্থাপন করতে হয়েছে। যার কারণে বইটির সাহিত্যমান কিছুটা ক্ষুণ্ন হলেও, আশা করা যায় শব্দ ও বাক্য গঠন শুদ্ধতার স্তরেই বহাল রয়েছে। তবুও আমরা যেহেতু মানুষ, তাই আমাদের ভুল-ভ্রান্তি হওয়া অস্বাভাবিক কিছু নয়। সুতরাং পাঠকের

কাছে আমাদের বিনীত অনুরোধ হলো, কোনো ধরনের ভুল-ভ্রান্তি যদি পাঠকের দৃষ্টিগোচর হয়। তাহলে যেন ক্ষমা সুন্দর দৃষ্টিতে তা মার্জনা করা হয়, এবং সম্ভব হলে যেন আমাদেরকে তা জানানো হয়। আল্লাহ্ তায়ালা পাঠকদেরকে সেই তৌফীক দান করুন এবং তাদেরকে উত্তম বিনিময় দান করুন। আমীন!

পরিশেষে বলতে হয়- এই বইটি অনুবাদ করার ক্ষেত্রে আল্লাহ তায়ালার প্রিয় একজন বান্দা, আমার উস্তাযে মুহতারাম আমাকে আগ্রহ ও উদ্দীপনা দিয়েছেন। বিভিন্নভাবে পরামর্শ পেশ করে সহযোগিতা করেছেন। তাঁর সহযোগিতা না পেলে হয়তো কোনো দিন-ই এই ধরনের বই অনুবাদ করার সৌভাগ্য আমার হতো না। আল্লাহ্ তায়ালা হযরতের ছায়া আমাদের উপর দীর্ঘায়িত করুন। তাঁর হৃদয়ের তামান্না বাস্তবায়িত করুন এবং তাঁকে সর্বোত্তম বিনিময় দান করুন। আমীন!

বইটি অনুবাদ করার ক্ষেত্রে পূর্ণ সহযোগিতা পেশ করেছেন, আল্লাহ্ তায়ালার আরো কয়েকজন বান্দা। হয়তো তাঁদের নাম পাঠকের কাছে অজানাই থেকে যাবে কিন্তু আল্লাহ্ তায়ালা তো অবশ্যই তাদেরকে জানেন। তাই পাঠকের কাছে তাঁদের জন্য আন্তরিক দোয়া কামনা করছি। আল্লাহ্ তায়ালা যেন সর্বোত্তম বিনিময় তাঁদেরকে দান করেন এবং উভয় জগতে সফল হিসেবে তাঁদেরকে কবুল করেন। বইটি প্রকাশ করার ক্ষেত্রেও আল্লাহ্ তায়ালার একজন বান্দা পূর্ণ আগ্রহ পেশ করেছেন এবং অনেক কষ্ট ও শ্রম ব্যয় করেছেন। যার কারণেই বইটি প্রকাশ করার পথকে আল্লাহ্ তায়ালা সহজ করে দিয়েছেন। সুতরাং পাঠক যেন নিজ মুনাজাতে তাকেও মনে রাখেন। এছাড়া যারাই এই বইটির ক্ষেত্রে যে কোনো ভাবেই সহযোগিতা করেছেন, করছেন কিংবা করবেন সবাইকেই আল্লাহ্ তায়ালা সর্বোত্তম বিনিময় দান করুন এবং উভয় জগতে সফল হিসেবে কবুল করুন। আমীন!

উবায়েদ
বাংলাবাজার, ঢাকা।
২১/৬/১৪৩৭ হি.
বৃহস্পতিবার, সকাল– ৭টা।

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ.-এর তাফসীর গ্রন্থ থেকে সংকলিত

জিহাদ কখন ফরজে আইন

জিহাদ ফরজ। অবশ্য এর জন্য কিছু শর্ত-শারায়েতও রয়েছে। ফিকহের কিতাবগুলোতে বিস্তারিতভাবে তা বর্ণনা করা হয়েছে। ফরজ দুই ধরনের হয়ে থাকে। ফরজে আইন এবং ফরজে কিফায়া। শত্রু বাহিনী যখন মুসলমানদের উপর আক্রমণ করে, তখন মুসলমানদের উপর তাদের বিরুদ্ধে জিহাদ করা ফরজে আইন হয়ে যায়। নতুবা জিহাদ করা ফরজে কিফায়া থাকে।

(বয়ানুলকোরআন, সূরা বাকারা,আয়াত-২১৬)

ইকদামী জিহাদের হুকুম

ইকদামী জিহাদের শর্তসমূহ পাওয়া গেলে, কাফেরদের বিরুদ্ধে ইকদামী জিহাদ শুরু করা সঠিক হবে। ....

আরবের কাফেররা যদি ইসলাম গ্রহণ না করে, তাহলে তাদের ব্যাপারে একমাত্র বিধান হলো তাদেরকে হত্যা করা। সুতরাং তারা যদি জিযিয়া দিতে চায়, তাহলে তা গ্রহণ করা হবে না।

(বয়ানুল কোরআন, সূরা বাকারা, আয়াত- ১৯০)

শাহাদাত হলো সর্বশ্রেষ্ঠ আমল

.... সুতরাং শাহাদাত যেহেতু সর্বশ্রেষ্ঠ আমল, তাই তার উপর প্রতিদানও হবে সর্বশ্রেষ্ঠ। আল্লাহ তায়ালা এর বিনিময়ে যে সমস্ত প্রতিদান রেখেছেন, তার মধ্য থেকে এটিও একটি যে, কোনো ধরনের ভয়-ভীতি তার থাকবে না।

(ওয়াদা হল এই) যে ব্যক্তি আমার পথে আমার কাজে অংশগ্রহণ করবে, আমি তাকে দুনিয়া ও আখিরাতে সব ধরনের সহায়তা করবো।

(বয়ানুল কোরআন, সূরা আলে ইমরান, আয়াত- ১৭০)

আখিরাত অর্জনের সর্বোত্তম পন্থা হলো জিহাদ

আপনি বলে দিন,দুনিয়ার ভোগ-বিলাস শুধু কয়েক দিনের, তাই আখিরাতই সব দিক থেকে উত্তম। আর আখিরাত অর্জনের সর্বোত্তম পন্থা হলো জিহাদ।

(বয়ানুল কোরআন, সূরা নিসা,আয়াত- ৭৭)

জিহাদ করার কারণ-সমূহ

পূর্বের আয়াতগুলোতে আল্লাহ্‌র রাস্তায় জিহাদ করার ফজীলত বর্ণনা করা হয়েছে। আর এই আয়াতে জিহাদ করার কারণ-সমূহ বর্ণনা করা হচ্ছে। যেগুলো পাওয়া গেলে কাফেরদের বিরুদ্ধে জিহাদ করা আবশ্যক।

উদাহরণ স্বরূপ : রাসূলদেরকে মিথ্যা প্রতিপন্ন করা, তাদের বিরোধিতা করা, তাদেরকে যে কোনো ধরনের কষ্ট দেওয়া, সত্যধর্ম ইসলামের আলো নিভিয়ে দেওয়ার চেষ্টা করা ইত্যাদি।

(বয়ানুল কোরআন, সূরা সফ, আয়াত- ৫)

জিহাদের বিধান প্রকৃত কল্যাণ উপযোগী

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের নববী জীবনে কাফেররা তাঁর বিরোধিতা করেছে। তাঁকে অস্বীকার করেছে। তারা যা কিছুই করেছে, তা ছিল বিরাট বড় জুলুম। এই জুলুমের পথ বন্ধ করার জন্যই মূলত জিহাদের হুকুম দেওয়া হয়েছে। তাই জিহাদের বিধান প্রকৃত কল্যাণ উপযোগী।

(বয়ানুল কোরআন, সূরা সফ, আয়াত- ৬)

হাজীদের পানি পান করানো এবং মসজিদ আবাদ করার চেয়ে উত্তম আমল হল জিহাদ করা

আল্লাহ তায়ালার প্রতি ঈমান আনা এবং আল্লাহ তায়ালার পথে জিহাদ করা, উভয়টিই উত্তম। হাজিদের পানি পান করানো এবং মসজিদ আবাদ করার তুলনায়।

"আল্লাহ তায়ালার প্রতি ঈমান আনা উভয়টির তুলনায় উত্তম" এ কথা বলে মুশরিকদের প্রতি ইঙ্গিত করা হয়েছে। কেননা, মুশরিকদের তো ঈমান নেই। (অথচ তারা মনে করতো, হাজীদের পানি পান করানো এবং মসজিদ আবাদ করাই যথেষ্ট,যদিও ঈমান না থাকে।)

"আল্লাহ তায়ালার পথে জিহাদ করাও এই উভয় আমলের তুলনায় উত্তম" এ কথা বলে এমন কিছু মুমিন বান্দাদের প্রতি ইঙ্গিত করা হয়েছে, যারা ঈমান গ্রহণ করার পরে পানি পান করানো এবং মসজিদ আবাদ করাকে জিহাদের তুলনায় উত্তম মনে করতো। অথচ বিষয়টি এমন নয়।

(বয়ানুল কোরআন, সূরা তাওবা,আয়াত- ১৯)

জিহাদের জন্য বের হতে পারা আল্লাহ তায়ালার পক্ষ থেকে এক বিশেষ অনুগ্রহ

আল্লাহ তায়ালা বলেন,..... كَمَا اَخْرَجَكَ رَبُّكَ مِنْ بَيْتِكَ যেমনিভাবে বের করে এনেছেন আপনাকে (জিহাদের জন্য) আপনার প্রতিপালক ঘর থেকে .....।

এই আয়াতে আল্লাহ তায়ালা নিজ অনুগ্রহের কথা ব্যক্ত করেছেন এবং রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামকে জিহাদের জন্য ঘর থেকে বের করে আনাকে অনুগ্রহের অন্তর্ভুক্ত করেছেন। এ থেকে বুঝা যায়, জিহাদের জন্য বের হওয়া আল্লাহ তায়ালার পক্ষ থেকে এক বিশেষ অনুগ্রহ।

(বয়ানুল কোরআন, সূরা আনফাল, আয়াত- ৫)

জিহাদে বের হলেই মৃত্যু অনিবার্য নয়

কোনো কোনো মুনাফিক মনে করত, জিহাদে বের হওয়া মানেই মৃত্যু ডেকে আনা। তাদের বিশ্বাস ছিল জিহাদ মৃত্যুর পথ, আর জিহাদে না যাওয়া জীবন ফিরে পাওয়ার পথ। যখন মুসলমানগণ বাহ্যিক পরাজয় বরণ করতো এবং শাহাদাতের সৌভাগ্য অর্জন করত, তখন তারা তাদের বিশ্বাসের পক্ষে এভাবে দলীল পেশ করতো যে, দেখো, তারা জিহাদে অংশগ্রহণ করেছে এবং মৃত্যুর মুখোমুখি হয়েছে। সুতরাং এ থেকেই বুঝা যায়, জিহাদে বের হলেই মৃত্যু অনিবার্য। অথচ মুসলমানগণ যখন বিজয় লাভ করতেন এবং তাঁরা গাজী হয়ে, সুস্থ অবস্থায় ফিরে এসে মুনাফিকদের প্রতি প্রশ্ন ছুঁড়ে দিতেন এই বলে যে, আচ্ছা বলো তো,যদি জিহাদে বের হলেই মৃত্যু অনিবার্য হয়,তাহলে আমরা কীভাবে জীবিত ফিরে আসলাম ? মুনাফিকরা তখন কোনো যুক্তিসঙ্গত উত্তর না পেয়ে বলতো,তোমরা ঘটনাক্রমে বেঁচে গেছ, নতুবা তোমাদের মৃত্যুর পথে তো কোনো প্রতিবন্ধকতা ছিল না।

(বয়ানুলকোরআন, সূরা আলে ইমরান, আয়াত- ৮৭)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

جہاد مؤثر فی الموت نہیں

بعض منافق جہاد میں جانے کو موت میں مؤثر سمجھتے تھے، یعنی ان کا عقیدہ یہ تھا کہ جہاد موت کا ذریعہ ہے اور وہ جہاد میں نہ جانے کو حیات میں مؤثر سمجھتے تھے۔ پھر جب مسلمانوں کو جہاد میں شکست اور شہادت کا سامنا ہوتا تو وہ اسے اپنے عقیدے کیلئے دلیل بناتے کہ دیکھو جہاد میں گئے اور موت کا شکار ہو گئے پس جہاد کا مؤثر فی الموت ہونا ثابت ہو گیا اور اگر مسلمانوں کو فتح ملتی اور وہ زندہ سلامت واپس آجاتے اور ان منافقین سے کہا جاتا کہ دیکھو اگر جہاد میں موت ہوتی تو ہم زندہ کیسے واپس آتے؟ تو وہ کہنے لگتے کہ بس آپ لوگ اتفاقاً بچ گئے ورنہ مرنے کیلئے کوئی کسر تو نہیں چھوڑی تھی۔ بیان القرآن

تحت قولہ: "أَيْنَمَا تَكُونُوا يُدْرِكْكُمُ الْمَوْتُ... حَدِيثًا. (سورة النساء:٨٧)

জিহাদের মাধ্যমেই মুসলমানগণ বিজয়ী হবেন এবং কাফেররা হবে পরাজিত

পূর্ববর্তী আয়াতের মধ্যে আল্লাহ তা'য়ালা বর্ণনা করেছেন যে, তিনি মুসলমানদেরকে কাফেরদের ক্ষতি ও অনিষ্টতা থেকে রক্ষা করবেন। আর এই আয়াতের মধ্যে বর্ণনা করে দিচ্ছেন যে, কীভাবে তাদেরকে রক্ষা করবেন। আর তা এভাবে যে, মুসলমানগণ জিহাদ করবেন,আল্লাহ তায়ালা এই জিহাদের মধ্যে তাদেরকে সাহায্য করবেন। ফলে কাফেররা পরাজিত হবে এবং ইসলাম ও মুসলমানগণ বিজয়ী হবেন।

(বয়ানুলকোরআন, সূরা হজ, আয়াত- ৩৯)

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের দাবী হল জিহাদের ময়দানে অবিচল থাকা

জিহাদের ময়দানে পাহাড়ের ন্যায় অটল থাকা, রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণের দাবী এবং পূর্ণ ঈমানের পরিচায়ক। সুতরাং মুনাফিকরা যেহেতু ঈমানের দাবী করে জিহাদের ময়দানে যায়নি। তাই

তারা চরমভাবে লজ্জিত হবে। আর মুসলমানগণ সুসংবাদ প্রাপ্ত হবেন। কেননা,তারাই আল্লাহ তায়ালার এই আয়াত ..... لِمَنْ كَانَ يَرْجُوا الله -এর মধ্যে উদ্দেশ্য।

(বয়ানুল কোরআন, সূরা আহযাব, আয়াত- ২১)

জিহাদ ছেড়ে সুন্নতের অনুসারী দাবী করা গোমরাহী বৈ কিছুই নয়

আল্লাহ তায়ালা বলেন- "তোমাদের জন্য" অর্থাৎ এমন ব্যক্তিদের জন্য যারা আল্লাহ তায়ালা ও আখিরাতকে ভয় করে থাকে এবং বেশি বেশি আল্লাহ তায়ালার জিকির করে থাকে। অর্থাৎ তোমরা যারা পরিপূর্ণ মুমিন, তাদের জন্যেই রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের একটি উত্তম আদর্শ হলো, জিহাদে অংশগ্রহণ করা। কেননা, স্বয়ং রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম জিহাদে অংশ গ্রহণ করেছেন। সুতরাং তাঁর চেয়ে বেশি প্রিয় আর কে আছে যে, জিহাদের ক্ষেত্রে সে তাঁর অনুসরণ করবে না,বরং নিজের জান বাঁচিয়ে ঘুরতে থাকবে!

(বয়ানুল কোরআন,সূরা আহযাব,আয়াত-২১)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

بغیر جہاد کے اتباع سنت کا دعوی غلط ہے

.... (اللہ سبحانہ وتعالی) ارشاد فرماتے ہیں کہ تم لوگوں کیلئے یعنی ایسے شخص کیلئے جو اللہ تعالی سے اور روز آخرت سے ڈرتا ہو اور کثرت سے ذکر الہی کرتا ہو یعنی مؤمن کامل ہو یرجو میں مبدا و معاد کا اعتقاد آگیا اور ذکر اللہ میں سب طاعتیں آگئیں، غرض ایسے شخص کیلئے رسول اللہ صلی اللہ علیہ وسلم کا ایک عمدہ نمونہ موجود تھا کہ جب آپ صلی اللہ علیہ وسلم ہی (جہاد میں) شریک رہے تو آپ سے زیادہ کون پیارا ہے کہ وہ اقتداء نہ کرے اور اپنی جان بچائے پھرے۔ بیان القرآن تحت قولہ: لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ... (الاحزاب: ۲۱)

ফায়েদা: এ থেকে বুঝা যায়, জিহাদে অংশগ্রহণ করা,তাতে অবিচল থাকা এবং আল্লাহ তায়ালার পথে যে কোন ধরনের কুরবানী পেশ করা প্রিয় নবী সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের তরীকা। একারণে যে সমস্ত ব্যক্তিগণ নিজেদের জীবন থেকে জিহাদকে ছুঁড়ে মেরেছেন, তাদের জন্য এই সুস্পষ্ট

আয়াত এবং তার ব্যাখ্যার মধ্যে অবশ্যই চিন্তার খোরাক রয়েছে। আহ! তাঁরা যদি একটু চিন্তা করার সময় পেতেন!

তাকওয়ার দোহাই দিয়ে জিহাদ বর্জন করা নিফাকের আলামত

জাদ বিন কইস ছিল একজন মুনাফিক, সে এই বাহানা পেশ করতো যে,আমি সুন্দরীদের প্রতি আসক্ত হয়ে পড়ি। আর রোমান মেয়েরা তো অত্যন্ত সুন্দরী হয়ে থাকে, তাই জিহাদে বের হলে আমার তাকওয়া ও দীনের ক্ষতি হয়ে যাবে। এই জন্য আমি চাচ্ছি জিহাদে বের না হতে।

(বয়ানুলকোরআন, সূরা তাওবা,আয়াত-৪৯)

জিহাদে যাওয়ার জন্য আমল মজবুত হওয়া কোন শর্ত নয়

التائبون العابدون الحامدون-এর মধ্যে এইসব গুণাবলী উল্লেখ করার দ্বারা উদ্দেশ্য এই নয় যে, উক্ত গুণগুলো যদি না থাকে, তাহলে জিহাদের সওয়াব পাওয়া যাবে না। কেননা, এমন অনেক আয়াত ও হাদীস রয়েছে, যেগুলোতে শুধু জিহাদের উপরই সুসংবাদ এসেছে। তবে হ্যাঁ, জিহাদের জন্য ঈমানদার হওয়া শর্ত।

আর উক্ত আয়াতে এসব গুণাবলী উল্লেখ করার অর্থ হলো,কারো মাঝে যদি এসব গুণের সমাবেশ ঘটে, তাহলে তার সওয়াব ও ফজীলত বেশি হবে এবং ঈমানী শক্তি আরো বেড়ে যাবে। পাশাপাশি এটাও উদ্দেশ্য যে, কেউ যেন শুধু জিহাদ করে বসে না থাকে,বরং এই ইবাদত-গুলোও আদায় করতে থাকে।

(বয়ানুল কোরআন, সূরা তাওবা, আয়াত-১১২)

জিহাদের হুকুম মুমিনের জন্য পরীক্ষা

তোমাদেরকে জিহাদের হুকুম এই জন্য দেওয়া হয়েছে যে, তোমাদের এক-জনের মাধ্যমে যেন অপর জনকে পরীক্ষা করা যায়। মুমিনের জন্য পরীক্ষা হলো, কারা আল্লাহ তায়ালার হুকুমকে নিজের জানের উপর প্রাধান্য দিয়ে থাকে এবং কারা প্রাধান্য দেয় না, তা যাচাই করা। আর কাফেরদের জন্য পরীক্ষা হলো,কারা এই শাস্তির প্রতি ভীত হয়ে,সত্য দীনকে গ্রহণ করে এবং কারা তারপরেও মুখ ফিরিয়ে থাকে,তা যাচাই করা। সুতরাং এই হেকমতের জন্যও জিহাদকে বৈধ সাব্যস্ত করা হয়েছে।

(বয়ানুল কোরআন,সূরা মুহাম্মাদ, আয়াত-৪)

মুজাহিদগণের আমল কখনই নষ্ট হয় না

আল্লাহ তায়ালার পথে কফেরদেরকে হত্যা করতে পারা যেমন সফলতা, তেমনিভাবে শহীদ হওয়াও অসফলতা নয়। বরং এটিও একটি মহা সফলতা। সুতরাং যারাই আল্লাহর পথে শহীদ হয়ে যান,আল্লাহ তায়ালা তাদের আমলকে (যার মাঝে শহীদ হওয়ার সাওয়াবও রয়েছে) কিছুতেই নষ্ট করবেন না। হ্যাঁ, বাহ্যিকভাবে এটা মনে হতে পারে যে, সে যেহেতু শহীদ হয়েই গেছে, তাই জিহাদ করার কারণে জিহাদের উপর কোন ফলাফল প্রকাশ পাবে না,বরং তার জিহাদের আমলও নষ্ট হয়ে গেছে। অথচ বাস্তবে তা নষ্ট হয়নি। কেননা, তার উপর জিহাদের অন্যসব ফলাফল প্রকাশ পেয়েছে, যা বাহ্যিক ফলাফলের তুলনায় শ্রেষ্ঠ। যেমন,পরবর্তী আয়াতে বর্ণনা করা হয়েছে,"আল্লাহ তায়ালা তাদেরকে পথ দেখাবেন এবং তাদের অন্তরকে পরিশুদ্ধ করে দিবেন।"

(বয়ানুল কোরআন,সূরা মুহাম্মাদ, আয়াত- ৪,৫)

মুমিনের অবস্থা

যারা আল্লাহ ও কিয়ামত দিবসের প্রতি বিশ্বাস রাখে, তারা নিজেদের জান-মাল দিয়ে জিহাদ করার ব্যাপারে আপনার কাছে কোন ধরনের অজুহাত পেশ করবে না। বরং আদেশের সঙ্গে সঙ্গে তারা ঝাঁপিয়ে পড়বে। আল্লাহ তা'য়ালা খুব ভাল করেই এমন মুত্তাকী বান্দাদেরকে জানেন। ফলে তাদেরকে এর উত্তম প্রতিদান দিবেন।

(বয়ানুলকোরআন, সূরা তাওবা,আয়াত- ৪৪)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

مؤمن کا شان

جو لوگ اللہ پر اور قیامت کے دن پر ایمان رکھتے ہیں وہ اپنے مال و جان سے جہاد کرنے کے بارہ میں اس میں شریک نہ ہونے کی کبھی آپ سے رخصت (یعنی اجازت) نہ مانگیں گے بلکہ وہ حکم کیساتھ دوڑ پڑیں گے اور اللہ تعالی ان متقیوں کو خوب جانتا ہے، ان کو اجر و ثواب دیگا۔ بیان القرآن فی تفسیر قولہ: لَا يَسْتَأْذِنُ كَالَّذِينَ... بِالْمُتَّقِينَ (التوبة: ٤٤)

সফলকাম তো তাঁরাই

পরিপূর্ণ সফলকাম তো তাঁরাই। কারণ,তাঁদের বিপরীতে মুশরিকদের তো কোন সফলতাই নেই। আর অন্যান্য মুমিনগণ সফলতার ক্ষেত্রে যদিও তাঁদের অংশীদার। কিন্তু জিহাদ ও হিজরতের কারণে সফলতার ক্ষেত্রে তাঁরা ওদের চেয়ে অগ্রগণ্য। সুতরাং পরিপূর্ণ সফলকাম তো তাঁরাই।

(বয়ানুলকোরআন, সূরা আনফাল,আয়াত-২০)

জিহাদে বের হওয়া ঈমানের দাবিতে সত্যবাদী হওয়ার পরিচায়ক

...জিহাদের বিধান অবতীর্ণ হওয়ার পর যখন অস্ত্র-সস্ত্র সহ জিহাদের সব ধরনের প্রস্তুতি নেয়া হতো। তখনও যদি এ সমস্ত লোকেরা আল্লাহ তায়ালার প্রতি বিশ্বাসের দাবিতে সত্যবাদী হতো অর্থাৎ ঈমানের দাবী অনুযায়ী আমল করত (যার মধ্যে সাধারণভাবে শরীয়তের সমস্ত বিধিবিধান এবং বিশেষভাবে জিহাদের বিধিবিধান অন্তর্ভুক্ত রয়েছে) এবং মনে-প্রাণে জিহাদ করত, তাহলে তা তাদের জন্য অত্যন্ত উত্তম হতো।

(বয়ানুলকোরআন, সূরা মুহাম্মাদ,আয়াত-২১)

জিহাদ তরক করার কারণে ফাসাদ সৃষ্টিকারী লোকদের প্রভাব বিস্তার লাভ করবে

এই আয়াতে জিহাদের হুকুমের প্রতি গুরুত্বারোপ করা হয়েছে এবং জিহাদ বর্জন-কারীদেরকে লক্ষ করে বলা হয়েছে, জিহাদ ছেড়ে দেয়ার মাঝে বাহ্যিকভাবে দুনিয়াবী ক্ষতিও রয়েছে। যদি জিহাদ তরক করা হয়, তাহলে ফাসাদ সৃষ্টিকারী লোকদের প্রভাব বিস্তার লাভ করবে এবং কোন ধরনের কল্যাণকর ব্যবস্থাপনা টিকে থাকবে না। আর যখন এই ধরনের ব্যবস্থাপনা থাকবে না, তখন পৃথিবীতে ফাসাদ ব্যাপকভাবে ছড়িয়ে পড়বে এবং সব ধরনের অধিকার বিনষ্ট হতে থাকবে। যদিও কোন কোন অজ্ঞ লোক এ কথা বলে বেড়ায় যে, যেহেতো লড়াই-যুদ্ধ নেই, তাই পৃথিবীতে নিরাপত্তা বাকী আছে। অথচ যেখানে সব ধরনের অধিকার বিনষ্ট হয়, সেখানে নিরাপত্তা কীভাবে বাকী থাকে? বুঝা গেল, জিহাদের মধ্যে দুনিয়াবী উপকারিতাও বিদ্যমান রয়েছে। সুতরাং এত উপকারী আমলকে ছেড়ে দেওয়া এবং তা থেকে পিছিয়ে থাকা বড় আশ্চর্যের বিষয়!

(বয়ানুলকোরআন, সূরা মুহাম্মাদ,আয়াত-৩২,সামান্য পরিবর্তিত)

কোনটি আল্লাহ তায়ালার সাহায্যের পথ?

আল্লাহ তায়ালা পূর্ববর্তী আয়াত তথাان الله يدافع عن الذين امنواএর মধ্যে মুমিনদেরকে সাহায্য করার ওয়াদা করেছেন। আর পরবর্তী আয়াত তথা اذن للذين يقاتلون-এর মধ্যে সেই সাহায্যের পথ বর্ণনা করে দিয়েছেন। অর্থাৎ এই আয়াতের মধ্যে জিহাদের অনুমতি এবং তার উপর সাহায্য করার ওয়াদা রয়েছে....।

সেই সাহায্যের পথ হলো এই যে, জিহাদের তো অনুমতি হয়ে গেছে, যার মধ্যে আল্লাহ তায়ালার সাহায্য রয়েছে। সুতরাং যখন জিহাদের সময় হবে, তখন এই জিহাদের মাধ্যমেই তোমরা তাদের উপর বিজয়ী হয়ে যাবে। (বয়ানুল কোরআন)

মোট কথা হলো, ان الله يدافع..... আয়াতের মধ্যে বলা হয়েছে, আল্লাহ তায়ালা মুসলমানদের থেকে কাফেরদের অনিষ্ট ও ক্ষতি দূর করে দিবেন। আর এই আয়াত তথা اذن للذين.... এর মধ্যে তার পথ বলে দিয়েছেন যে, এমনটি জিহাদের মাধ্যমেই হবে। অর্থাৎ মুসলমানগণ জিহাদ করবেন আর আল্লাহ তায়ালা এই জিহাদের মধ্যে তাদেরকে সাহায্য করবেন। ফলে কাফেররা পরাজিত হয়ে যাবে এবং ইসলাম ও মুসলমানগণ বিজয়ী হয়ে যাবেন।

হে মুসলিম উম্মাহ! কাফেরদের মোকাবেলায় হীনমন্য হয়ো না

যখন এ কথা সুস্পষ্ট হয়ে গেল, মুসলমানগণ আল্লাহ তায়ালার প্রিয় বান্দা। আর কাফেররা আল্লাহ তায়ালার ক্রোধের পাত্র। সুতরাং হে মুসলিম উম্মাহ! তোমরা কাফেরদের মোকাবেলায় হীনমন্য হয়ো না এবং ভীত-সন্ত্রস্ত হয়ে সন্ধির দিকে তাদেরকে আহ্বান করো না। কেননা, তোমরাই বিজয়ী হবে আর তারা হবে পরাজিত। কারণ, তোমরা আল্লাহ তায়ালার প্রিয় বান্দা আর তারা হলো আল্লাহ তায়ালার ক্রোধের পাত্র। সুতরাং আল্লাহ তায়ালা তোমাদের সঙ্গেই রয়েছেন।

(বয়ানুল কোরআন,,সূরা মুহাম্মাদ,আয়াত-৩৫)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

مسلمانوں! تم کفار کے مقابلہ میں ہمت مت ہارو

جب معلوم ہو گیا کہ مسلمان اللہ تعالی کے محبوب اور کفار مبغوض ہیں تو اے مسلمانوں! تم کفار کے مقابلہ میں ہمت مت ہارو اور ہمت ہار کر انکو صلح کیطرف مت بلاؤ اور تم ہی غالب رہو گے اور وہ مغلوب ہونگے کہ تم محبوب ہو اور وہ مبغوض ہیں اور اللہ تعالی تمہارے ساتھ ہے۔ بیان القرآن تحت قولہ: فَلَا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ... أَعْمَالَكُمْ (محمد: ٣٥)

জিহাদের প্রতি অত্যধিক উৎসাহ প্রদান

পূর্বের আয়াতগুলোতে ফজীলত ইত্যাদি বর্ণনা করে জিহাদের প্রতি উৎসাহিত করা হয়েছে। আর এই আয়াতগুলোতে দুনিয়ার প্রতি বিমুখতা সৃষ্টি করে জিহাদের প্রতি উৎসাহিত করার সঙ্গে, আল্লাহ তায়ালার পথে সম্পদ খরচ করার প্রতিও উৎসাহিত করা হয়েছে। সুতরাং বলা হয়েছে যে, এই দুনিয়ার জীবন তো খেল-তামাশাই মাত্র। তাই এই দুনিয়ায় যদি জান-মাল ব্যয় করে সুখ-শান্তিতে থাকতে চাও, তবে এই সুখ-শান্তি কত দিনেরই বা হবে? আর যদি ঈমান আনো এবং তাকওয়া অবলম্বন করো, সাথে সাথে জান-মাল ব্যয় করে জিহাদে অংশগ্রহণ করো, তাহলে আল্লাহ তায়ালা তোমাদেরকে নিজের পক্ষ থেকে সহায়তা প্রদর্শন করবেন এভাবে যে, তোমাদেরকে উত্তম প্রতিদান দিবেন এবং তোমাদের কাছ থেকে কোন প্রতিদান চাইবেন না।

(বয়ানুল কোরআন,সূরা মুহাম্মাদ,আয়াত-৩৬)

জিহাদ ফী সাবীলিল্লায় সম্পদ খরচ করা পূর্ণ ঈমানের পরিচায়ক

ঈমানের পরেই আল্লাহর পথে সম্পদ খরচ করার কথা আলোচনা করা হয়েছে। যা পূর্ণ ঈমানের পরিচায়ক এবং ইসলামের প্রচার-প্রসারের মাধ্যম। এখানে আল্লাহর পথে খরচ করার দ্বারা উদ্দেশ্য হল, জিহাদ ফী সাবীলিল্লায় খরচ করা। আর জিহাদের একটি বড় উদ্দেশ্য হলো, ইসলামের প্রচার-প্রসার করা। (আয়াতের মধ্যে قاتل ও انفق শব্দদ্বয় একসঙ্গে প্রয়োগ করার দ্বারা উল্লিখিত কথাগুলো বুঝা যায়)

(বয়ানুল কোরআন, সূরা হাদীদ,আয়াত-১০,সামান্য পরিবর্তিত)

আধুনিক যুদ্ধাস্ত্রের ব্যবহার এবং গাড়ির ড্রাইভিং ইত্যাদি শেখার ফজিলত

হাদীস শরীফে তীর নিক্ষেপের চর্চা করা, নিজ মালিকানায় ঘোড়া পালা এবং সাওয়ারী পরিচালনা করার যোগ্যতা অর্জন করার প্রতি অত্যধিক ফজিলত বর্ণনা করা হয়েছে। বর্তমানে তীরের পরিবর্তে বন্দুক ও কামান ব্যবহৃত হয়। সুতরাং আল্লাহ তায়ালার কওল " من قوة " এর মাঝে এই সব ধরনের অস্ত্র-সস্ত্র এবং শারীরিক ব্যায়ামও অন্তর্ভুক্ত হবে।

(বয়ানুল কোরআন,সূরা আনফাল,আয়াত-৬০)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

جنگی آلات جدیدہ اور موٹر کار وغیرہ سیکھنے کی فضیلت

حدیثوں میں تیر اندازی کی مشق اور گھڑوں کے رکھنے اور سواری سیکھنے کی بڑی فضیلت آئی ہے، اب بندوق اور توپ قائم مقام تیر کے ہے اور عموم قوت میں یہ سب اور ورزش بھی داخل ہے۔ بیان القرآن تحت قولہ: وَأَعِدُّوا لَهُمْ مَااسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ... (الانفال: ٦٠)

জিহাদের ফলাফল

এই আয়াতগুলোতে জিহাদের দুই ধরনের ফলাফল বর্ণনা করে জিহাদের প্রতি উৎসাহিত করা হয়েছে।

এক. পরকালীন ফলাফল তথা জাহান্নাম থেকে মুক্তি, সমস্ত গুনাহের মাগফেরাত এবং জান্নাতে প্রবেশ।

দুই. ইহকালীন ফলাফল তথা আল্লাহ তায়ালার পক্ষ থেকে সাহায্য ও বিজয়।

(বয়ানুল কোরআন,সূরা ছফ,আয়াত-১০,সামান্য পরিবর্তিত)

হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. -এর ভাষায়-

جہاد کے ثمرات

ان آیات میں جہاد کے دو طرح کے ثمرات (فوائد) بیان فرما کر جہاد کی ترغیب دی ہے، ایک ثمرۂ آخرت (یعنی جہنم سے نجات مغفرت ذنوب اور دخول جنت) اور دوسرا

ثمرۂ دنیویہ یعنی فوری فائدہ جو نصرت اور فتح ہے۔ بیان القرآن (بتغییر یسیر) تحت قولہ:
هل أدلكم على تجارة... ١٠)

অধিকাংশের মতামত এমন কোন ব্যাপক-প্রমাণ নয় যে, হক তার মধ্যেই থাকবে

বর্তমানের একটি আশ্চর্য বিষয় হলো এই যে, যে দিকে অধিকাংশের মত থাকে, সেটাকেই মনে করা হয় হক। .....

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম যখন হযরত উসমান রাযিআল্লহু আনহুর শাহাদাতের কথা শুনলেন, তখন খুব ব্যথিত হলেন এবং বললেন 'যতক্ষণ পর্যন্ত উসমানের রক্তের বদলা না নিতে পারব, ততক্ষণ পর্যন্ত এখান থেকে এক পা পিছনে হটবো না.... একটি গাছের নিচে বসে সকলের থেকে এই কথার উপর বাইয়াত নিলেন যে, যতক্ষণ পর্যন্ত শরীরে বিন্দু পরিমাণ রক্ত বাকী থাকবে, ততক্ষণ পর্যন্ত কাফেরদের মোকাবেলায় জিহাদ ও কিতাল করে শহীদ হয়ে যাব, তবুও পলায়ন করব না ..... আল্লাহর কসম যার হাতে আমার জান! আমি অবশ্যই অবশ্যই ওদের বিরুদ্ধে কিতাল করতে থাকবো শরীর থেকে আমার গর্দান পৃথক হওয়া পর্যন্ত। ....কাফেররা যখন বাইয়াতের খবর পেল এবং সাহাবায়ে কেরামের সুদৃঢ়তা পর্যবেক্ষণ করল, তখন ভীত বিহ্বল হয়ে সন্ধি করতে উদগ্রীব হল। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আল্লাহ তায়ালা আয়াত নাযিল করেন এবং রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের পদক্ষেপে নিজ খুশী প্রকাশ করেন (....)

(সিরাতুল মুস্তফা, খণ্ড- ২, পৃষ্ঠা - ৩৫১-৩৫২.(কিছুটা বৃদ্ধিযুক্ত)

এখানে বিশেষ লক্ষণীয় বিষয় হল, রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের এমন পদক্ষেপ বাহ্যত কল্যাণবিরোধী, কেননা, একজন উসমানের (যিনি শহিদও হয়ে গেছেন) খাতিরে চৌদ্দশত সাহাবী যাদের মধ্যে আবু বকর, ওমরের মত আকাবীরে সাহাবী এবং স্বয়ং রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম শহীদ হয়ে যাওয়া কল্যাণকর হয় কীভাবে! অথচ তাঁদের উপরই দীন বাকী থাকার ভিত্তি। তাছাড়া বিজয়ের আশা-ই বা কীভাবে করা যায়, যেখানে সাহাবাগণ মদীনা থেকে অনেক দূরে এবং তরবারি ছাড়া আর কিছুই সঙ্গে আনেননি,অপর দিকে তাঁদের মোকাবেলায় পুরো আরব নিজ এলাকায় বিভিন্ন অত্যাধুনিক মরণাস্ত্র নিয়ে সজ্জিত। কিন্তু রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম যখন সকল কল্যাণ বিসর্জন দিয়ে শুধু আল্লাহ তায়ালার হুকুম পালনার্থে প্রস্তুত হলেন, তখন তিনি মুসলমানদের সাহায্য করলেন এবং বিজয় দিলেন আর কাফেরদের পরাজয় দিয়ে অপদস্ত করলেন।

দৃষ্টান্ত পাঁচ: মুতা যুদ্ধের ঘটনা

একজন সাহাবী হযরত হারেস ইবনে উমায়ের রা. এর খুনের বদলায় রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম তিন হাজারের একটি বরকতময় ক্ষুদ্র জামায়াত পাঠালেন,যাদের মোকাবেলায় ছিল দুই লক্ষাধিক রোমক যুদ্ধবাজ। রওয়ানা হওয়ার পূর্বেই হযরত অবগত হলেন- তাঁদের মধ্য থেকে জলীলুল কদর মহান তিনজন সাহাবী শহীদ হবেন,প্রথমজন হলেন, হযরতের পালক পুত্র যায়েদ ইবনে হারেস,দ্বিতীয়জন নবীজীর চাচাত ভাই জা'ফর ইবনে আবি তালিব, তৃতীয়জন হলেন আব্দুল্লা ইবনে রাওয়াহা রা.। তবুও ওদের বদলা নেওয়ার জন্যে পাঠালেন,অবশেষে আল্লাহ তায়ালার মদদে বিজয় ও বহু গনিমত নিয়ে ফিরে এলেন।

(সিরাতুল মুস্তফা খণ্ড- ২ পৃষ্ঠা - ৪৫৫)

এখানে উল্লেখের বিষয় হল- রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের এমন পদক্ষেপ হিকমত ও মাসলাহাত তথা কল্যাণ-বিরোধী, কিন্তু রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম যখন সকল কল্যাণ বিসর্জন দিয়ে শুধু আল্লাহ্ তায়ালার হুকুম পালনার্থে প্রস্তুত হলেন, তখন তিনি মুসলমানদের সাহায্য করলেন।

দৃষ্টান্ত ছয়: হযরত সিদ্দীকে আকবর রা. কর্তৃক লশকরে উসামা প্রেরণ করার ঘটনা

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের ইন্তিকালের পরেই আরবে ইরতেদাদের আগুন দাউ দাউ করে জ্বলে উঠল এবং বহুমুখী ফিতনা আত্মপ্রকাশ করল। সময়টা অত্যন্ত নাজুক ছিল। তখন অনেক সাহাবী এমনকি হযরত উমর রা.ও সিদ্দীকে আকবরকে কিছু দিনের জন্যে লশকর না পঠাতে পরামর্শ দিলেন, হযরত আবু বকর রা. তা শ্রবণ করে খুব সুন্দর জবাব দিলেন-

والله لا أحُل عقدة عقدها رسول الله صلى الله عليه وسلم ولو أن الطير يخطفنا والسباع من حول المدينة ولو أن الكلاب جرئت بأرجل أمّهات المؤمنين لأجهزن جيش أسامة. (البداية والنهاية ص٣٠٨ج٣)

আল্লাহর কসম! রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম যে গিঁট দিয়ে গেছেন, আমি কখনো তা খুলতে পারবো না। যদিও পাখিগুলো আমাদেরকে ছুঁ মেরে নিয়ে যায় এবং হিংস্র জানোয়ারগুলো মদীনাকে ঘিরে ফেলে। যদিও কুকুরগুলো উম্মুল মুমিনিনের পায়ের কাছে দুঃসাহসিকতা প্রদর্শন করে। অবশ্যই আমি উসামা-বাহিনী প্রেরণ করবো।

(আল বিদায়া ওয়ান নিহায়া, খণ্ড- ৩ পৃষ্ঠা - ৩০৮)

وفى رواية قال بعض الأنصار لعمر:قل له(أى لأبى بكر) فليؤمر علينا غير أسامة فذكر له ذلك فأخذ أبوبكر بلحيته وقال: ثكلت أمك يا ابن الخطاب! أؤمّرغير أمير رسول الله صلى الله عليه وسلم .(البداية والنهاية ص٣٠٩ج٣).....

অন্য বর্ণনায় আছে, আনসারী কিছু সাহাবী হযরত উমর রা.কে বললেন, আপনি আবু বকর রা.কে বলে দেখুন, তিনি যেন উসামার পরিবর্তে অন্য কাউকে আমীর নিযুক্ত করেন, হযরত উমর রা. এমন পরামর্শ পেশ করলে, আবু বকর রা. উমর রা. এর দাড়ি ধরে বললেন, তোমার মায়ের নাশ হোক, হে ইবনে খাত্তাব! আমি কি রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের আমীরকে পরিবর্তন করে অন্য কাউকে আমীর বানাব!

(আল বিদায়া ওয়ান নেহায়া, খণ্ড- ৩, পৃষ্ঠা - ৩০৮)

(উক্ত ঘটনা থেকে এ বিষয়টি সুস্পষ্ট হয় যে,হযরত সিদ্দীকে আকবর রা. সমুদয় কল্যাণকে আল্লাহর হুকুমের সামনে কোরবান করে দিলেন। তিনি হেফাজতে দীনকে "মারকাযে দীনের" উপর প্রাধান্য দিলেন। তাই আল্লাহ তায়ালা দীন হেফাজতের পাশাপাশি মারকাযকেও হেফাজত করলেন।)

মাদরাসাওয়ালাদের ভুল দৃষ্টিভঙ্গী

আহলে মাদারিসগণও অনেক নাজায়েজ ও হারাম কাজ করে বসেন কোন কল্যাণের দিকে লক্ষ করে। যদি তাঁদের স্মরণ করে দেওয়া হয় যে,এটা নাজায়েজ কাজ,তখন অনায়েসে জবাব দেন-'এতে মাদরাসার কল্যাণ আছে'।

মাদরাসা হয়েছে দীন হেফাজতের জন্যে। তাই দীনী কোন ছোট মাসয়ালার খাতিরে হাজারো মাদরাসা বরং দুনিয়ার সমস্ত মাদরাসা কোরবান হয়ে যাবে এটাই স্বভাবিক। কিন্তু এখন অবস্থা হয়েছে এর ব্যতিক্রম অর্থাৎ মাদরাসার কল্যাণার্থে দীন ধ্বংস করা হচ্ছে। এর থেকে বুঝা যায়, আল্লাহ তায়ালার জন্যে কাজ করা হচ্ছে না বরং খায়েশে নফসের জন্যে হচ্ছে।

হযরত মাওলানা রশীদ আহমদ লুদিয়ানুভী রহ. -এর ভাষায়-

اہل مدارس کا غلط نظریہ:

اہل مدارس بھی بہت سے ناجائز اور حرام کام مصلحت کی خاطر کر لیتے ہیں جب ان سے کہا جائے کہ یہ کام تو ناجائز ہے تو جواب میں کہتے ہیں کہ اس میں مدرسہ کی مصلحت ہے۔ مدارس تو اس لئے ہیں کہ دین کی حفاظت ہو، دین کے ایک مسئلہ کی خاطر ہزاروں مدارس بلکہ دنیا بھر کے مدارس قربان ہو جائیں، لیکن یہاں مدرسہ کی حفاظت اور مصلحت کی خاطر دین کو قربان کیا جارہا ہے، معلوم ہوا کہ اللہ کیلئے کام نہیں کر رہے ہیں اپنی نفس پرستی کیلئے کام کر رہے ہیں۔

যারা আল্লাহ তায়ালার রাযী-খুশির উদ্দেশ্যে দীনী কাজ করেন, তাঁদের আমল ও দৃষ্টিভঙ্গী কেমন হবে?

হযরত রশীদ আহমদ গাঙ্গুহী রহ. এর ঘটনা

হযরত গাঙ্গুহী যখন দারুল উলুম দেউবন্দের মুরব্বী ও মুহতামিম ছিলেন, তখন একজন ধনাঢ্য প্রভাবশালী দারুল উলুমের রুকনের (মজলিসে শুরার) অন্তর্ভুক্ত হওয়ার জন্যে হযরতের কাছে বার বার আবেদন করছিলেন,কিন্তু হযরত তাকে রুকন না বানানোতে দৃঢ় ছিলেন। মাদরাসার মজলিশে শুরা হবেন নেক্কার সালেহীনবর্গ।

হযরত থানভী রহ. বলেন: আমি হযরত গাঙ্গুহীর খেদমতে লিখলাম,আমার মতামত হল তাকে রুকন বানানো যেতে পারে। এতে কোন ক্ষতি নেই। কারণ ফায়সালা হবে সংখ্যাগরিষ্ঠের মতে। আর আমরাই হলাম সংখ্যাগরিষ্ঠ। আর তাকে রুকন না বানালে দারুল উলুমের অনেক ক্ষতি হওয়ার আশঙ্কা আছে। কারণ, সে খুব "খতরনাক" লোক, অতএব তাকে রুকন বানানো মাদরাসারিই 'মাসলাহাত'।

হযরত গাঙ্গুহী রহ. জবাবে বললেন, আমি কস্মিনকালেও তাকে মাদরাসর রুকন বানাব না, যেদিন আল্লাহর মোকাদ্দামা কায়েম হবে। সেদিন তিনি যদি আমাকে জিজ্ঞাসা করেন, তুমি এই নালায়েককে কেন মাদরাসার রুকন বানিয়েছ? সেদিন আমার কোন জবাব থাকবে না। আর যদি তাকে রুকন না বানাই তাহলে প্রথমত এই ইয়াকীনতো আছে যে, আল্লাহ তায়ালার কানুন ও মরযী মোতাবেক কাজ করায় তিনি মদদ করবেন। দারুল উলুমের নুকসান হবে না বরং দিন দিন তারাক্কী হবে। যার সঙ্গে আল্লাহ আছেন, তাকে কেউ ক্ষতি করতে পারে না। বরং দুনিয়ার সকলে মিলেও কিছু করতে পারবে না। মাদরাসার যদি ক্ষতি হয়ও, বেশির চেয়ে বেশি দারুল উলুম বন্ধ হয়ে যাবে। তাকে মাদরাসার রুকন না বানানোর কারণে যদি দারুল উলুম বন্ধ হয়ে যায় এবং কেয়ামতের দিন আমাকে প্রশ্ন করা হয় যে, তুমি এমন করলে কেন? তখন আমি বলব, হে আল্লাহ! আমি আপনার কানুন মোতাবেক কাজ করেছি,গাইরে সালেহকে মাদরাসার রুকন বানাইনি,দারুল উলুম তো আমার না। এটি আপনার, তাকে চালানো কিংবা বন্ধ রাখা আপনার কবযায় ও কুদরতে। যখন আপনি

এটিকে অচল রাখতে ইচ্ছা করেছেন, সেখানে আমি কে যে তাকে সচল রাখব!

যারা আল্লাহ্‌র রাযী-খুশির উদ্দেশ্যে দীনী কাজ আঞ্জাম দেন এবং যাদের দিলে দীনের দরদ, এখলাস,আখেরাতের ফিকির ও হিসাবের ভয় আছে। তাঁরা ছোট থেকে ছোট মাসয়ালায়ও অনেক মাসলাহাত কোরবান করেন।

হযরত গাঙ্গুহী রহ. এর দীনের উপর ইস্তেকামাত থাকার ফলাফল এই হল যে,ঐ লোক শোরগোল করে চলে গেল,দারুল উলুমের সামান্যতমও ক্ষতি করতে পারেনি বরং দিনে দিনে তারাক্কী হতে থাকল।

(আহসানুল ফাতাওয়া, খণ্ড- ৯ পৃষ্ঠা - ১৪৭)

আমরা শুধু হুকুমের গোলাম

হযরত মাওলানা ইউসুফ বিননূরী রহ. বলতেন, 'আমরা যাঁর রাযী-খুশির জন্যে মাদরাসা কায়েম করেছি। তিনি সর্ববিষয়ে ওয়াকেফহাল, তিনি যখন যেভাবে চান আসবাব ও অসায়েল আঞ্জাম দিবেন। আমরা কেবল সহী তরীকায় আমল করার মুকাল্লাফ,যদি সহী তরীকায় মাদরাসা না চলে। তাহলে মাদরাসা বন্ধ করে দেওয়া হবে,আমাদেরকে দীনের ঠিকাদারী বানানো হয়নি যে,সঠিক-বেঠিক, জায়েজ-নাজায়েজ পন্থায় যেভাবেই হোক মাদরাসা চালু রখতে হবে। নাজায়েজ ও বেঠিক পন্থায় মাদরাসা চালানোর চেয়ে আমার মতে না চালানোই উত্তম। বরং আখেরাতের ধরপাকড় থেকে বাঁচার লক্ষ্যে জরুরীও বটে।

হযরত মাওলানা মুহাম্মদ সারফারায খান সফদর লিখেছেন-

মুসলিম নারী বন্ধী হলে করণীয়

ফুকাহায়ে কেরাম সুস্পষ্ট ভাষায় বলেছেন- যদি একজন মুসলিম নারীও পৃথিবীর পূর্বদিগন্তে কাফেরের হাতে বন্ধী হয়, তখন পশ্চিম দিগন্তের মুসলমানদের উপর ওয়াজিব হয়ে যায় তাকে মুক্ত করা।

ফাতাওয়ায়ে সিরাজিয়ায় আছে:

امرأة سبيت بالمشرق وجب على أهل المغرب أن يستنقذوها.

অর্থ: পৃথিবীর পূর্ব দিগন্তে বন্ধী নারীকে মুক্ত করা, পশ্চিম দিগন্তের মুসলমানদের উপর ওয়াজিব।

শাহাদাতের মর্যাদা

নবুওয়াত ও রিসালাতের মর্যাদার পর উঁচু মর্তবা হল শাহাদাতের মর্তবা। সৃষ্টিকুলের মাঝে রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম যে সুমহান মর্যাদার অধিকারী হয়েছেন, অন্য আর কেউ এমন হননি। তাছাড়া তাঁর মাধ্যমেই নবুয়তের চির সমাপ্তি ঘটানো হয়েছে, তা তাঁরই বৈশিষ্ট্য। এতদসত্ত্বেও শাহাদাতের ঔজ্জল্য ও দীপ্তিময়তার কারণে, তিনি বলেছেন, "অবশ্যই আমার মনে চায়, আমি আল্লাহর পথে শহীদ হয়ে পুনরায় জীবিত হই, আবার শহীদ হয়ে পুনরায় জীবন ফিরে পাই। অতঃপর শহীদ হয়ে যাই"।

(সহীহ বুখারী, খণ্ড- ১, হদীস নং- ৩৬)

যে মর্যাদা লাভ করতে রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম বার বার আরজি জানিয়েছেন, সেটি সর্বোচ্চ মর্যাদা হওয়ার ক্ষেত্রে কারো সন্দেহ থাকতে পারে?

(রিসালায়ে শাওকে জিহাদ, পৃষ্ঠা - ২৫)

ঐ ব্যক্তি নিফাকির শাখার উপর মৃত্যুবরণ করবে

শক্তি-সামর্থ এবং জিহাদের আবশ্যকতা সত্ত্বেও, যে মুসলমান জিহাদে না গিয়ে মৃত্যুবরণ করল। সে নিফাকির অন্তর্ভুক্ত হয়ে মৃত্যুবরণ করল।

হযরত আবু হুরায়রা রা. রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন, যে ব্যক্তি জিহাদ না করে কিংবা জিহাদের আগ্রহ না রেখে মৃত্যুবরণ করল, সে নিফাকির একটা শাখার উপর মৃত্যুবরণ করল।

(সহীহ মুসলিম, খণ্ড- ২, হাদীস নং- ৫০৪০, আবু দাউদ খণ্ড- ১, হাদীস নং-২৫০২.) (রিসালায়ে শাওকে জিহাদ, পৃষ্ঠা - ২৬)

হিন্দুস্থানের জিহাদের ফজিলত

জিহাদ যখনই হোক এবং যেখানেই হোক, সেটি জিহাদের মর্যাদা রাখে। তবে এতে কোন সন্দেহ নেই যে, কোন কোন জিহাদের মর্যাদা ও ফজিলত নস দ্বারা সাব্যস্ত। তন্মধ্যে হিন্দুস্থানের জিহাদ অন্যতম।

যেমন নাসায়ী শরীফের দুটি হাদীস লক্ষণীয়-

عن أبى هريرة رض قال: وعدنا رسول الله صلى الله عليه وسلم غزوة الهند– فإن أدركتها أنفق فيها نفسى ومالى وإن قتلت كنت أفضل الشهداء وإن رجعتُ فأنا أبوهريرة المحرّر.

হযরত আবু হুরায়রা রা. বলেন- রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে গাজওয়ায়ে হিন্দের ওয়াদা করেছেন। সুতরাং 'যদি আমি গাযওয়ায়ে হিন্দ পেয়ে যাই, তাহলে আমার জান-মাল সে জিহাদে ব্যয় করব,তখন আমার মৃত্যু হলে আমি হব সর্ব শ্রেষ্ঠ শহীদ,আর যদি ফিরে আসি তাহলে আমি আবু হুরায়রা জাহান্নাম থেকে মুক্তি প্রাপ্ত ব্যক্তি হবো।

দ্বিতীয় হাদীস:

عن ثوبان رض قال قال رسول الله صلى الله عليه وسلم: عصابتان من أمتى حرّرهما اللهُ من النّار عصابة تغزوا الهند وعصابة تكون مع عيسى بن مريم.

হযরত সাওবান রা. থেকে বর্ণিত, রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'আমার উম্মতের মাঝে দু'টি দল থাকবে, যাদেরকে আল্লাহ তায়ালা জাহান্নাম থেকে মুক্তি দিবেন। প্রথম দলটি হল, যারা গাযওয়ায়ে হিন্দে শরীক হবে। দ্বিতীয় দল যারা ঈসা ইবনে মারইয়ামের সঙ্গে থাকবে।

বিভিন্ন সময় অনেক মুজাহিদীনে কেরাম হিন্দুস্থানে জিহাদ করেছেন। তাঁরা উক্ত হাদীসে বর্ণিত সুসংবাদপ্রাপ্ত দল। বর্তমানেও যারা হিন্দুস্তানবিরোধী আন্দোলনে নিজের জান-মাল কোরবান করবেন, তারাও হাদীসে বর্ণিত সুসংবাদপ্রাপ্ত দলের অন্তর্ভুক্ত হবেন। কেননা, বর্তমানেও হিন্দুস্থানীয় বাহিনী ও সরকার কর্তৃক শৃগালের হাতে বহু মুসলিম (বিশেষ করে কাশ্মীরের মুসলমানগণ) চরম নির্যাতিত-নিষ্পেসিত। জীবন্ত মুসলমানদের আগুনে জালিয়ে ভস্ম করছে। যাদের মধ্যে শিশুরাও রয়েছে। মুসলমানদের জন্যে বড়ই সুবর্ণ সুযোগ যে,তারা গাজওয়ায়ে হিন্দে শরীক হয়ে নবীজীর সুসংবাদপ্রাপ্ত কাফেলায় শামিল হবে।

তৃতীয় আরেকটি রেওয়ায়েতে এসেছে-

عن أبى هريرة رض قال قال رسول الله صلى الله عليه وسلم:وذكر الهند يغزو الله ذنوبهم فينصرفون حين ينصرفون فيجدون ابن مريم عليهما السلام بالشام (كتاب الفتن) رسالة شوق جهاد(مع إختصار)ص٢٧-٢٨

হযরত আবু হুরায়রা রা. থেকে বর্ণিত- রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম হিন্দুস্তানের আলোচনা করা কালে বললেন, 'আল্লাহ তায়ালা তাদের ক্ষমা করে দিবেন, তারা যখন যুদ্ধ থেকে ফিরবে। তখন শামে ঈসা ইবনে মারইয়ামের সাথে তাদের সাক্ষাৎ হবে।

(কিতাবুল ফিতান)

(রিসালায়ে শাওকে জিহাদ, পৃষ্ঠা - ২৭-২৮)

জিহাদ কখন ফরজে আইন হয়?

দুশমন যখন (মুসলমানদের) এলাকা কিংবা শহরে ঢুকে পড়ে, তখন ওদের প্রতিহত করা ফরজে আইন হয়ে যায়। এই অবস্থায় স্ত্রীর উপর তার স্বামীর অনুমতি ছাড়াই লড়াই করা ফরজ। ফিকহি কিতাবে এর সুস্পষ্ট বর্ণনা আছে-

وفرض عين إن هجموا فتخرج المرأة والعبد بلا إذنٍ

অর্থ: (মুসলিম এলাকায়) শত্রু এসে পড়লে জিহাদ ফরজে আইন হয়ে যায়,তখন স্ত্রী ও গোলাম অনুমতি ছাড়াই বের হয়ে যাবে'।

(রিসালায়ে শাওকে জিহাদ, পৃষ্ঠা - ২৯)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর রচনা থেকে সংকলিত

'জিহাদ' শব্দের অর্থ

'জিহাদ' শব্দের আভিধানিক অর্থ যদিও চেষ্টা-সাধনা এবং আল্লাহ তায়ালার দীনের জন্যে যাবতীয় মেহনতকে শামিল করে। কিন্তু পরিভাষায় জিহাদ বলা হয়, এমন আমলকে যেখানে দুশমন বা কাফেরের সাথে মোকাবেলা রয়েছে। মোকাবেলা হতে পারে কাফেরের আক্রমণকে প্রতিহত করা কিংবা মুসলমানগণ কোন কাফেরের উপর প্রথমে হামলা করা। বর্ণিত উভয় সূরত জিহাদের অন্তর্ভুক্ত এবং উভয় সূরতই শরীয়ত-সমর্থিত।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ১৯৯)

'জিহাদ' একটি ইবাদত

জিহাদ একটি ইবাদত, জিহাদে গিয়ে শহীদ হওয়া কিংবা জিহাদে শরীক হওয়ার আজর ও ছাওয়াব কোরআন-হাদীসে বর্ণনা করা হয়েছে।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২০০)

জিহাদের উদ্দেশ্য কী ?

জিহাদের উদ্দেশ্য হল, 'কুফরী আস্ফালনকে ধ্বংস করে ইসলামী অনুপম আদর্শ বাস্তবায়নের মাধ্যমে আল্লাহর দীনকে সমুন্নত করা। এই কথার সারমর্ম এমন দাঁড়াল যে, তোমরা ইসলাম কবুল না কর, তাতে কিছু আসে যায় না। এব্যাপারে তোমাদের ফায়সালা আল্লাহ্ তায়ালাই করবেন যে, আখিরাতে তোমাদের শাস্তি কী হবে। কিন্তু তোমাদের কুফরী ও জুলমের বিধি-বিধান আল্লাহর যমিনে বাস্তবায়ন করা,আল্লাহর বান্দাদের গোলাম বনিয়ে জুলুম অত্যাচার করা কিংবা আল্লাহর হুকুম বিরোধী আইন তৈরী করা, যা পৃথিবীতে ফাসাদ সৃষ্টি করে, এমনটা আমরা সহ্য করব না। সুতরাং ভাল মনে হলে ইসলাম কবুল কর, অন্যথায় জিযিয়া (কর) প্রদান করে আপন ধর্মে থাক।

জিযিয়া প্রদানের অর্থ হল, আমাদের নিয়ম-কানুন এবং আল্লাহ প্রদত্ত সংবিধানকে শর্তহীনভাবে মেনে নেওয়া। কেননা, তোমাদের সংবিধান বান্দাকে বান্দার গোলামে পরিণত করে। আমরা এমন সংবিধান মানি না।

আল্লাহর যমিনে আল্লাহর আইন বাস্তবায়ন হবে এবং তার দীনই প্রতিষ্ঠিত হবে। এটিই মূলত জিহাদের উদ্দেশ্য।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২০৩)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

جہاد کا مقصد کیا ہے؟

جہاد کا مقصد یہ ہے کہ کفر کی شوکت کو توڑا جائے اور اسلام کی شوکت قائم کی جائے اور اللہ کا کلمہ بلند کیا جائے۔ جس کا مطلب یہ ہے کہ ہم اس بات کو تو برداشت کرلیں گے کہ اگر تم اسلام نہیں لائے ٹھیک ہے اسلام قبول نہ کرو، تم جانو اور تمہارا اللہ جانے۔ آخرت میں تم سزا بھگتنا۔ لیکن تم اپنے کفر اور ظلم و ستم کے قوانین کو اللہ کی زمین پر نافذ کرو اور اللہ کے بندوں کو اپنا غلام بناؤ اور ان کو اپنے ظلم و ستم کا نشانہ بناؤ اور ان پر ایسے قوانین نافذ کرو جو اللہ کے قوانین کے خلاف ہیں اور جن قوانین کے ذریعہ فساد پھیلتا ہے۔ تو اس کی ہم تمہیں اجازت نہیں دیں گے، لہذا یا تو تم اسلام لیے آو اور اگر اسلام نہیں لاتے تو پھر اپنے دین پر رہو لیکن جزیہ ادا کرو۔ اور جزیہ ادا کرنے کا مطلب یہ ہے کہ ہماری اور ہمارے قانون کی بلادستی تسلیم کرو۔ اس لئے کہ جو قانون تم نے جاری کیا ہوا ہے وہ بندوں کو بندوں کا غلام بنانے والا قانون ہے، ہم ایسے قانون کو جاری نہیں رہنے دیں گے۔ اللہ کی زمین پر اللہ کا قانون نافذ ہوگا اور اللہ ہی کا کلمہ بلند ہوگا۔ یہ ہے جہاد کا مقصود۔ (درس ترمذی ص ۲۰۳ ج ۵)

'জিহাদ'গুরুত্বপূর্ণ একটি রুকন

....আল্লাহ তায়ালা আমাদের উপর যেমনিভাবে নামাজ, রোজা, হজ ও যাকাত ফরজ করেছেন। তেমনিভাবে জিহাদও ফরজ করেছেন। জিহাদ গুরুত্বপূর্ণ একটি ফরজ ইবাদত। অথচ তা আমাদের ওয়াজ নসিহতে, সভা- মজলিসে চরম অবহেলিত।

(ইসলাহী খুতুবাত, খণ্ড- ১৪, পৃষ্ঠা - ৯০)

মুসলমানদের পরাজয়ের কারণ

এক হাদীসে এসেছে, সাহাবায়ে কেরাম রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন, মুসলমানদের এ অবস্থা কেন হবে? রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'এ অবস্থা হওয়ার কারণ তোমাদের দুনিয়ার প্রতি আকর্ষণ আর মৃত্যুর প্রতি বিকর্ষিত হয়ে জিহাদ ফী সাবীলিল্লাহ ছেড়ে দেওয়া।

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম এই হাদীসটিতে তিনটি কারণ বর্ণনা করেছেন,

প্রথমত: দুনিয়ার মুহাব্বত তথা জান-মাল, সন্তান-সন্ততি ও ঘর বাড়ির ভালবাসা।

দ্বিতীয়ত: দুনিয়ার মুহাব্বত মৃত্যুকে বিকর্ষিত করে তোলবে।

তৃতীয়ত: মুত্যুর ভয় ও বিকর্ষণ জিহাদে যেতে প্রতিবন্ধক হবে, যার ফলে মুসলমানদের এ অবস্থা হবে। আল্লাহ তায়ালা আমাদের ক্ষমা করুন। আমীন!!

(ইসলাহী খুতুবাত, খণ্ড- ১৪, পৃষ্ঠা - ৯১)

জিহাদ না করার গুনাহে আমরা লিপ্ত

দীর্ঘকাল যাবত আমরা 'জিহাদ' ছেড়ে দিয়েছি এবং জিহাদ না করার গুনাহে লিপ্ত রয়েছি। যার ফলে আজ মুসলমানদের এ অবস্থা, যা আমাদের সামনে স্পষ্ট। তবে আল্লাহ তায়ালার ফজল ও করমে কিছু সৌভাগ্যবান বান্দা এ মহান কাজ শুরু করেছেন এবং আঞ্জাম দিচ্ছেন। মুসলমানদের এখন সুবর্ণ সুযোগ যে, তারা দীনের এই মহান কাজে শরীক হয়ে ঈর্ষণীয় স্থানে সমাসীন হয়ে সৌভাগ্যদের অন্তর্ভুক্ত হবেন।

(ইসলাহী খুতুবাত, খণ্ড- ১৪, পৃষ্ঠা - ৯১)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

ہم ترک جہاد کے گناہ میں مبتلا ہیں

ایک عرصۂ دراز سے لوگوں نے جہاد فی سبیل اللہ کو چھوڑا ہوا ہے اور اس ترک جہاد فی سبیل اللہ کے گناہ میں مبتلا ہیں، اس کے نتیجے میں یہ صورت حال پیدا ہوئی جو ہمارے سامنے ہے، لیکن اللہ تعالی کے فضل و کرم سے کچھ اللہ کے بندے جہاد کا کام لے کر اٹھے اور انہوں نے یہ کام شروع کیا، اب اس وقت اس کا موقع ہے کہ دین کے اس رکن اعظم یعنی جہاد فی سبیل اللہ کے اندر حصہ دار بننے کی ہر مسلمان سعادت حاصل کرے۔ (اصلاحی خطبات ج ۱۴ ص ۹۱)

'জিহাদ' ফরজ হওয়ার বিবরণ

ইসলামী শরীয়তের হুকুম হল, যদি কোন মুসলিম এলাকায় বিধর্মীরা আগ্রাসন চালায়, তাহলে ঐ এলাকার সকল বাসিন্দাদের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। সেখানকার আমীর যদি তাদেরকে জিহাদের আহ্বান করেন, তাহলে সকলে জিহাদে বের হওয়া ফরজ। যদি তারা দুশমনের মোকাবেলা করতে সক্ষম না হন, তাহলে নিকট প্রতিবেশী এলাকার মুসলমানদের উপরও জিহাদ ফরজ হয়ে যায়। তাঁরা মিলেও যদি সক্ষম না হন, তাহলে দূর প্রতিবেশীর উপর জিহাদ ফরজ হয়ে যায়। এভাবে পর্যায়ক্রমে পুরো পৃথিবীর মুসলমানগণের উপর জিহাদ ফরজ হয়ে যায়।

সুতরাং শরীয়তের এই নীতির দিকে নজর করলে সুস্পষ্ট হয়ে যায় যে, আমেরিকা কর্তৃক আফগানিস্তান আগ্রাসনের সময় আফগানিস্তানের সকল বাসিন্দার উপর জিহাদ ফরজ হয়ে গেছে। তাঁরা যদি শত্রুর মোকাবেলায় সক্ষম না হোন, তাহলে আফগানিস্তানের প্রতিবেশী আমাদের পাকিস্তানের মুসলমানদের উপরও জিহাদ ফরজ হয়ে যাবে।

(ইসলাহী খুতুবাত, খণ্ড- ১৪, পৃষ্ঠা - ৯২)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

جہاد کی فرضیت کی تفصیل

شریعت کا حکم یہ ہے کہ اگر کسی مسلمان ملک پر کوئی غیر مسلم طاقت حملہ کردے تو اس ملک کے تمام باشندوں پر جہاد فرض ہو جاتا ہے، لہذا اگر وہاں امیر جہاد کے لئے بلائے تو سب پر جہاد کے لئے نکلنا فرض ہوگا اور اگر اس ملک کے لوگ دشمن کے حملہ کا مقابلہ کرنے کی طاقت نہیں رکھتے ہوں تو برابر والے ملک کے مسلمانوں پر جہاد فرض ہو جاتا ہے، اگر وہ بھی مقابلے کی طاقت نہ رکھتے ہوں تو پھر ان کے برابر والے ملک کے مسلمانوں پر جہاد فرض ہو جاتا ہے، اسی طرح پورے عالم اسلامی کی طرف یہ فریضہ منتقل ہوتا چلا جاتا ہے۔ لہذا شریعت کے مندرجہ بالا حکم کی روشنی میں اگر دیکھا جائے کہ جب افغانستان پر امریکہ نے حملہ کردیا تو افغانستان کے مسلمانوں پر تو جہاد فرض ہو چکا تھا، لیکن اگر وہ مقابلے کے لئے کافی ہوں تو افغانستان سے متصل ہمارے ملک پاکستان والوں پر جہاد فرض ہو جائے گا۔۔(اصلاحی خطبات ج ۱۴ ص ۹۲)

'মতলক জিহাদ' অস্বীকারকারী কাফের

.... যে ব্যক্তি বা সমাজ 'মতলক জিহাদকে' অস্বীকার করবে। তাদেরকে সন্দেহাতীতভাবে কাফের ফাতোওয়া দেওয়া হবে। কেননা, জিহাদের হুকুম জরুরিয়াতে দীনের অন্তর্ভুক্ত।

তবে যারা দিফায়ী জিহাদকে স্বীকার করে কিন্তু ইকদামী জিহাদকে অস্বীকার করে। তারা মুয়াওয়িল, সুতরাং মুআওয়িলকে কাফের বলা যায় না। তাই তাদেরকে কাফের ফাতোওয়া দেওয়া হবে না, তবে এই আকীদা-বিশ্বাস মারাত্মক ভুল ও বাতিল। কেননা, এই মতপার্থক্য শুধু ইজতিহাদী নয় বরং হক বাতিলের ইখতেলাফ। তাই ইকদামী জিহাদ

অস্বীকারকারীকে বলা হবে, সে বাতিলের উপর আছে। হকের উপর নেই,তবে কাফের ফাতোওয়া দেওয়া হবে না'।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২০৭)

বর্তমানের জিহাদ ইকদামী নাকি দিফায়ী?

(বর্তমানে) বসনিয়া ও কাশ্মীর ইত্যাদি অঞ্চলে যে জিহাদ চলছে, সেগুলো হাকীকী দিফায়ী জিহাদ। বসনিয়ার মুসলমানদের উপর কাফেররা প্রথমে আগ্রাসন চালিয়ে তাদের অত্যাচার করেছে। অতঃপর মুসলমানগণ নিজেদের জান-মাল রক্ষার্থে ওদের মোকাবেলা করছেন। কাশ্মীরের উপর যবর দখল চালাচ্ছে ভারত.....

এ অবস্থায় মুসলমানগণ তাঁদের নিজেদের এলাকা কাফেরমুক্ত করতে অস্ত্রধরা 'দিফায়ী জিহাদ'।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২১৫)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

آج کل کا جہاد اقدامی ہے یا دفاعی؟

(آج کل کا) یہ سب جہاد جو بوسنیا یا کشمیر میں ہو رہے ہیں، یہ سب حقیقت میں دفاعی جہاد ہیں۔ بوسنیا کے مسلمانوں پر خود کفار نے حملہ کر کے ان پر ظلم کیا تھا، اسکے نتیجے میں مسلمانوں نے ان کے خلاف ہتھیار اٹھائے، جہاں تک کشمیر کا تعلق ہے تو ہندستان نے زبردستی اس پر قبضہ کیا ہوا ہے.... اب اگر وہاں کے لوگ اپنے علاقے کو کافروں کے تسلط سے آزد کرنا چاہ رہے ہیں تو یہ دفاعی جہاد ہے۔ (درس ترمذی ص ۲۱۵ ج ۵)

দিফায়ী জিহাদ ফরজ

..... ইসলামী শরীয়তের অনুপম আদর্শ হল, যদি কোন মুসলিম এলাকায় বিধর্মীরা আগ্রাসন চালায়, তাহলে ঐ এলাকার সকল বাসিন্দার উপর ওদের প্রতিহত করা ওয়াজিব হয়ে যায়।

..... এ অবস্থায় যখন আমেরিকা ইরাকের উপর সৈন্য-বাহিনী প্রেরণ করেছে। পুরো পৃথিবীর মুসলমানদের উপর ফরজ ইরাকের মুসলমানদের সাহায্যে এগিয়ে আসা।

(ফাতাওয়ায়ে উসমানী, খণ্ড–৩,পৃষ্ঠা -৪৮৭)

জিহাদের পূর্বে দাওয়াত দেওয়া জরুরী কী

ফুকাহায়ে কেরাম এই মাসয়ালায় কিছুটা এখতেলাফ করেছেন যে, প্রত্যেক জিহাদ ও হামলার পূর্বে দাওয়াত দেওয়া জরুরী কি না?

ফুকাহায়ে কেরামের এক জামাতের নিকট হামলার পূর্বে দাওয়াত দেওয়া জরুরী,আর জমহুর ফুকাহায়ে কেরাম বলেছেন, 'দাওয়াত দেওয়া জরুরী নয় তবে মুস্তাহাব'।

কিছু ফুকাহায়ে-কেরাম উক্ত কথাটির ব্যাখ্যা এভাবে করেছেন-যদি পূর্বে তাদের কাছে দাওয়াত পৌঁছে থাকে, তাহলে এখন দাওয়াত দেওয়া জরুরী না,আর যদি পূর্বে তাদের কাছে দাওয়াত না পৌঁছে থাকে, তাহলে হামলার পূর্বে দাওয়াত দেওয়া জরুরী ও ওয়াজিব, দাওয়াত দেওয়া ব্যতীত কিতাল জায়েজ নেই। জমহুর ফুকাহায়ে কেরাম বলেন, 'দুনিয়ার হার জায়গায় ইসলামের দাওয়াত পৌঁছে গেছে, কেননা, পৃথিবীর আনাচে-কানাচে এমন লোক পাওয়া অসম্ভব, যার কাছে সংক্ষিপ্তাকারে হলেও রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লামের আগমন এবং তার আনিত দীন সম্পর্কে দাওয়াত পৌঁছেনি। সুতরাং জিহাদ যেখানেই হোক, পূর্বে দাওয়াত দেওয়া শর্ত নয় বরং মুস্তাহাব। তাই দাওয়াতের পূর্বে জিহাদ করা জায়েজ, না-জায়েজ নয়।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২১৮)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

جہاد سے پہلے دعوت دینا ضروری ہے یا نہیں؟

فقہاء کرام نے اس مسئلہ میں کلام کیا ہے کہ ہر جہاد اور حملے سے پہلے دعوت دینا ضروری ہے یا نہیں؟ فقہاء کی ایک جماعت کا کہنا یہ ہے کہ قتال سے پہلے دعوت دینا ضروری ہے۔ لیکن جمہور کا کہنا یہ ہے کہ دعوت دینا ضروری نہیں البتہ دعوت دینا مستحب ہے، اوز بعض فقہاء نے یہ تفصیل کی ہے کہ اگر لوگوں کو پہلے دعوت پہنچ چکی ہے تب تو انکو

دعوت دینا ضروری نہیں، لیکن اگر ان لوگوں کو پہلے دعوت نہیں پہنچے تو پھر قتال سے پہلے انکو دعوت دینا ضروری اور واجب ہے، ان کے بغیر قتال جائز نہیں۔

جمہور فقہاء کا کہنا یہ ہے کہ اب دنیا کی تمام خطوں میں اسلام کی دعوت عام پہنچ چکی ہے، کیونکہ دنیا کا کوئی آدمی اب ایسا نہیں رہا جو نبی کریم صلی اللہ علیہ وسلم اور آپ کے لائے ہوئے دین سے بحیثیت اجمالی واقف نہ ہو، لہذا اب کسی بھی جگہ جہاد سے پہلے دعوت دینا شرط نہیں، البتہ مستحب ہے، لہذا دعوت دئے بغیر بھی جہاد کیا جائے گا تو وہ جائز ہوگا، ناجائز نہیں ہوگا۔ درس ترمذی ج۵ ص۲۱۸

'ফরজ দাওয়াত' দুনিয়ার সকলের কাছে পৌঁছে গেছে

.....মুসলমানদের জিম্মায় যে দাওয়াত ফরজ ছিল। সেটি সকলের কাছে পৌঁছে গেছে। তা এভাবে, গায়রে মুসলিমদের কাছে এ খবর পৌঁছে গেছে যে, মুহাম্মদ সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ্‌র রাসূল, তিনি তাওহীদের দাওয়াত দেন এবং দীনে ইসলাম নিয়ে আগমন করেছেন। এতটুকু খবরও যদি সংক্ষিপ্তাকারে পৌঁছে থাকে, তাহলে দাওয়াতের ফরজিয়াত আদায় হয়ে যাবে। এখন আর প্রত্যেককে ভিন্ন ভিন্ন-ভাবে দাওয়াত দেওয়া ফরজ নয়, বর্তমানে পৃথিবীর আনাচে-কানাচে এমন লোক পাওয়া অসম্ভব, যার কাছে সংক্ষিপ্তাকারে হলেও ইসলামের দাওয়াত পৌঁছেনি.....।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২১৯)

জিহাদের হুকুম পর্যায়ক্রমে নাযিল হয়েছে

জিহাদের হুকুম পর্যায়ক্রমে কয়েক স্তরে নাযিল হয়েছে। প্রথম পর্যায়ে মক্কী জীবনে রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাকে তরবারি উঠাতেও নিষেধ করা হয়েছে। বরং সবর করার হুকুম করা হয়েছে এবং কেউ কষ্ট দিলে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে বারণ করা হয়েছে। মক্কী জীবনে কোন প্রকার জিহাদের বৈধতা দেওয়া হয়নি।

দ্বিতীয় পর্যায়ে জিহাদের অনুমতি দেওয়া হয়েছে, তবে ফরজ করা হয়নি। তখন এই আয়াত নাযিল হয়: ﴿أذن للذين يُقاتلون بأنهم ظلموا.﴾)

'তাদেরকে কিতালের অনুমতি দেওয়া হল, যাদের সাথে কিতাল করা হয়। কেননা, তারা মজলুম। উক্ত আয়াতে জিহাদ ও কিতালের এজাযত দেওয়া হয়েছে, কিন্তু এই শর্তের সঙ্গে যে,অন্যরা প্রথমে তোমাদের উপর জুলুম বা যুদ্ধ করলে, ওদের জবাবে কিতাল করবে'।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫ পৃষ্ঠা - ২০৪)

ইবতেদায়ী জিহাদও জায়েজ

তারপর তৃতীয় স্তরে দিফায়ী জিহাদের অনুমতি দেওয়া হয়, তখন এই আয়াতটি নাযিল হয়- وقاتلوا في سبيل الله الذين يقاتلونكم

অর্থাৎ তোমরা ঐ সকল লোকদের বিরুদ্ধে আল্লাহর পথে কিতাল কর। যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে, তবে সীমালঙ্ঘন কর না। কারণ, আল্লাহ তায়ালা সীমালঙ্ঘনকারীদের পছন্দ করেন না।

(আল বাকারা, আয়াত- ১১০)

অতঃপর চতুর্থ স্তরে ইকদামী জিহাদের হুকুম করা হয়েছে, তখন এই আয়াতটি নাযিল হয়- كتب عليكم القتال وهوكره لكم অর্থ: তোমাদের উপর কিতাল ফরজ করা হয়েছে অথচ তোমাদের কাছে তা অপছন্দনীয়!

এই আয়াতটি নাযিল করে ইবতেদায়ী জিহাদের হুকুম করা হয়েছে, তখন আর দিফায়ী জিহাদে সীমাবদ্ধ থাকেনি।

এখন কেউ যদি ইসলামের প্রাথমিক যুগে নাযিলকৃত আয়াত দিয়ে এই ফায়সালা দেয় যে, ইসলামে জিহাদ জায়েজ নেই বরং কাফেরদের জুলুম নির্যাতনে সবর করার হুকুম দেওয়া হয়েছে। তাহলে তার ভ্রান্তি ও ধোঁকাবাজি সুস্পষ্ট। তদ্রুপ সেও ভুলের মধ্যে আছে, যে কেবল দিফায়ী জিহাদের আয়াত পেয়ে বলতে চায়। ইসলামে দিফায়ী জিহাদের অনুমতি দিয়েছে। ইবতেদায়ী জিহাদের অনুমতি দেয়নি। তার ধোঁকাবাজিও সুস্পষ্ট। মোট কথা, ইসলাম পর্যায়ক্রমে ইবতেদায়ী জিহাদের হুকুম করেছে। এবং নববী জীবনেও এর বাস্তবায়ন পরিলক্ষিত হয়।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২০৪)

একটি ভুল ধারণা

.....অনেকে মনে করে, দুনিয়ার প্রত্যেক ব্যক্তিকে ভিন্ন ভিন্নভাবে দাওয়াত দেওয়া জরুরী ও ফরজ, এবং বলা হয়, যদি তাদের কাছে গিয়ে গিয়ে দাওয়াত দেওয়া না হয়, তাহলে বিচার দিনে ওরা মুসলমানদের উপর দোষ চাপিয়ে বলবে আমাদের কাছে তোমরা দাওয়াত নিয়ে আসনি। অথচ হক কথা হল, প্রত্যেকের কাছে ভিন্ন ভিন্নভাবে দাওয়াত পৌঁছানো ফরজ নয়, সুতরাং এই কথা বলা যে, তাদের কাছে দাওয়াত না পৌঁছালে আখেরাতে পাকড়াও করা হবে। এটা সম্পূর্ণ ভুল ধারণা ও ভ্রান্ত বিশ্বাস। হতে পারে কেউ "জোসের" সাথে এমনটা বলে দিয়েছেন। মূলত এটা সঠিক নয় ।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২১৯)

শাইখুল ইসলাম হযরত মাওলানা মুফতী তকী উসমানী মাদ্দা জিল্লুহুল আলীয়া এর ভাষায়-

ایک اور بے اعتدالی

...ایک اور بے اعتدالی یہ بھی ہے کہ ایک ایک فرد کو الگ جاکر دعوت دینا فرض سمجھا جاتا ہے اور یہ کہا جاتا ہے کہ اگر تم نے جاکر دعوت نہیں دی تو قیامت کے دن کفار تمہارے گریبان پکڑ لیں گے۔ حالانکہ ایک ایک فرد کو الگ الگ جاکر دعوت دینا فرض نہیں، لہذا یہ کہنا کہ اگر ہم نے یہ کام نہ کیا تو کافر قیامت کے دن ہمارا گریبان پکڑیں گے کہ تم نے ہمیں کیوں دعوت نہیں دی تھی، یہ بالکل غلط ہے، ہو سکتا ہے کہ تقریر کے جوش میں کسی نے یہ بات کہہ دی ہو، لیکن یہ بات صحیح نہیں ہے۔ (درس ترمذی ص ۲۱۹ ج ۵)

কিছু দীনদার মহলের "গলতফাহমী" এবং এর জবাব

একটি ভুল চিন্তা....দীনদার খাস ব্যক্তিদের থেকেও প্রকাশ পেয়ে থাকে। এমনকি এটা সংক্রামকের ন্যায় ছড়িয়ে পড়ছে চারোদিকে। ভুলটা হল, জিহাদ শুধু তখন ও তাদের বিরুদ্ধে জায়েজ। যারা দীনী দাওয়াতে বাধা দেয়। অবস্থাদৃষ্টে মনে হয়, যেন 'দাওয়াত' হল আসল মাকসাদ। সুতরাং এই দাওয়াত ও তাবলীগে যে বা যারা বাধা হয়ে দাঁড়াবে, তাদের বিরুদ্ধে জিহাদ জায়েজ,আর যে রাষ্ট্র তাদের দেশে দাওয়াত ও তাবলীগের কাজের অনুমতি দেয়, তাদের বিরুদ্ধে জিহাদ জায়েজ নেই।

এই ভুলটা আগে সাধারণ লোকরা করত। এখন জ্ঞানীরাও এমনকি তাবলীগ জামায়াতের হযরতরাও করে থাকেন। বর্তমানে মুখ থেকে ভুলটা বইপত্রে পর্যন্ত স্থান পাচ্ছে। এর কারণ হল, জিহাদের হাকীকত ও তাৎপর্য সম্পর্কে অজ্ঞতা।

কুফরী হুকুমত তাদের ভূখণ্ডে আমাদের দাওয়াত ও তাবলীগের অনুমতি দিলেই আমরা তাদের বিরুদ্ধে জিহাদ করব না। ভুলটা খুবই মারাত্মক ও খতরনাক। কেননা, শুধু দাওয়াতের অনুমতি দ্বারাই 'জিহাদের' মাকসাদ বা উদ্দেশ্য আদায় হয় না। কারণ, জিহাদের মাকসাদ হল 'কুফরী আস্ফালন ও প্রভাব প্রতিপত্তি ধ্বংস করে আল্লাহর যমিনে আল্লাহর হুকুমত কায়েম করা'। যতদিন 'কুফরী আস্ফালন ও অপশক্তির অস্তিত্ব থাকবে, ততদিন মানুষের মন-মেজাজ সত্য গ্রহণে প্রস্তুত হবে না। একটা মূলনীতি হল, কোন জাতির রাজনৈতিক শক্তি এবং সমাজকর্তাগণ যে কৃষ্টি-কালচার লালন করেন, সাধারণ মানুষ এবং প্রজারাও সে কৃষ্টি-কালচার লালন করতে উৎসাহী হয়। এর ব্যতিক্রম কিছু প্রজাদের "দেমাগে" দেওয়া ততটা সহজ নয়। অভিজ্ঞতা থেকে বলা যায়, যেমন বর্তমানের পশ্চিমা বিশ্বের দিকে দেখা যাক, সেখানকার জনগণ শুধু মন্দ কাজের দিকে ঝুঁকছে না। বরং হার-হামেশা মন্দ কাজে লিপ্ত। কারণ, সেখানে মন্দ কার্যকলাপের ব্যাপক সুযোগ-সুবিধা রয়েছে এবং নেতৃত্বস্থানীয়রা অসৎ কাজে অভ্যস্ত ও সহায়ক। তাদের চিন্তা-চেতনা পুরো পৃথিবী বিস্তৃত। এখন যদি দাওয়াত ও তাবলীগকে ওদের দেশে অনুমতি দেয়াও হয়, তবুও জিহাদের মাকসাদ আদায় হবে না, যতক্ষণ না কুফরী প্রভাব-প্রতিপত্তি এবং সমাজকর্তাদের চিন্তা-চেতনা ও ক্ষমতা ধ্বংস করা না যাবে এবং প্রজাদের "মগজ"

দোলাই না হবে। আর এ জন্যে একমাত্র মহৌষধ হল, ওদের মোকাবেলা করা। সুতরাং যে দেশ বা অঞ্চল দাওয়াতে ইসলামের অনুমতি দেয়, তাদের বিরুদ্ধে জিহাদ করা যাবে না এমন ভ্রান্ত চিন্তা ধোঁকাবাজি ছাড়া আর কিছুই নয়।

(দরসে তিরমিজী, খণ্ড- ৫, পৃষ্ঠা - ২০৫)

دیندار حلقوں میں ایک اور غلط فہمی اور انکا جواب

ایک اور غلط فہمی... اچھے خاصے دیندار میں بھی پائی جاتی ہے اور اب وہ غلط فہمی رفتہ رفتہ بہت پھیل رہی ہے.... وہ غلط فہمی یہ ہے کہ جہاد صرف اس وقت اور اس قوم سے مشروع ہے جب کوئی قوم دعوت کے راستے میں آڑے آئے اور رکاوٹ بنے۔ گویا کہ اصل مقصود "دعوت" ہے اور اس دعوت کے پھیلانے کے راستے میں اگر کوئی ملک آڑے آئے اور اتنے ملک میں دعوت و تبلیغ کی اجازت نہ دے تب جہاد مشروع ہے، لیکن اگر کوئی ملک اس بات کی اجازت دیتا ہے کہ ہمارے یہاں آکر دعوت کا کام کرو، تبلیغ کرو تو پھر انکے ساتھ جہاد مشروع نہیں۔ یہ وہ بات ہے جسکو پہلے متجددین کہا کرتے تھے، اب اچھے خاصے پڑھے لکھے دیندار حضرات اور تبلیغی جماعت کے حضرات نے بھی کہنی شروع کر دی ہے۔ اور اب سے پہلے تو لوگوں سے صرف زبانی سنا تھا۔ لیکن باقاعدہ اس بارے میں تحریر دیکھ لی ہے، تب یہ بات کہہ رہا ہوں۔ یہ بات جہاد کی حقیقت نہ سمجھنے کی نتیجے میں کہی گئی ہے۔ واقعہ یہ ہے کہ صرف اتنی بات کہ کسی کافر حکومت نے اتنے ملک ہمیں تبلیغ کی اجازت دے دی ہے اس لئے اب ہمیں اس کے خلاف جہاد نہ کرنا چاہئے۔ یہ بڑی خطرناک بات ہے، اس لئے کہ محض تبلیغ کی اجازت دے دینے سے جہاد کا مقصد پورا نہیں ہوتا۔ اس لئے کہ جہاد کا مقصد کفر کی شوکت کو توڑنا ہے اور اللہ کے کلمے کو بلند کرنا ہے اور جب تک کفر کی شوکت برقرار رہے گی اس وقت تک حق

کو قبول کرنے کیلئے لوگوں کے دل ودماغ نہیں کھلیں گے۔اس لئے کہ یہ اصول ہے کہ جب کسی قوم کی سیاسی طاقت اور اسکا اقتدار لوگوں کے دل ودماغ پر چھایا ہوا ہوتا ہے، اس قوم کی بات لوگوں کو جلدی سمجھ میں آجاتی ہے اور اس کے مخالف بات لوگوں کے دلوں میں آسانی سے نہیں اترتی۔ تجربہ کرکے دیکھ لیا جائے۔ چنانچہ آج مغربی دنیا کی بالکل بدیہی البطلان بات لوگ نہ صرف یہ کہ سنتے ہیں بلکہ اس کو قبول کرتے ہیں اور اس پر عمل کرتے ہیں، یوں؟اس لئے کہ آج دنیا میں ان کا سکہ چلا ہوا ہے۔ان کا اقتدار ہے،ان کے افکار دنیا میں پہلے ہرے ہے۔اگر ان حالات میں کسی مغربی ملک میں تبلیغی جماعت چلی گئی اور اس ملک نے ان کو ویزا دے دیا اور تبلیغ کی اجازت دے دی تو صرف اتنی بات سے جہاد کا مقصد حاصل نہیں ہوتا جب تک کہ ان کی شوکت نہ ٹوٹے اور جب تک ان کا اقتدار ختم نہ ہو اور جب تک لوگوں کے دلوں پر چھایا ہوا رعب ختم نہ ہو۔اور یہ شوکت، یہ اقتدار، یہ رعب اس وقت تک ختم نہیں ہوگا جب تک کہ ان کا مقابلہ نہیں کیا جائے گا۔ لہذا یہ کہنا کہ اگر کسی ملک نے تبلیغ کی اجازت دے دی تو اب جہاد کی ضرورت نہیں رہی اور اب جہاد کا مقصود حاصل ہوگیا، تو یہ بہت بڑا دھوکہ ہے۔(درس ترمذی ص۲۰۵ ج۵)

ইকামাতে দীনের খাতিরে 'হিজরত' করা ওয়াজিব

اگر آں حکمر ان (که همیشه درئي آنست که قوانین اسلام را ازین ببرد وکفر وزندقه جاری کرد مگر بسیاست وتلطف، نه بزور وزجر مثلاتعلیم جدیدخودآزادی زنان وافشائ زما وشراب سینماوغیرها ترویج می دهد وبمدارس دینی وپرده راضی نیست)برترك احکام دینی جبروتشدید ونمائد

واستطاعت مقاومت اونه باشدپس اندران وقت هجرت بر مسلمين واجب شود۔

যদি কুফুরী মতবাদ ও প্রভাব সর্বদা ইসলামী তাহজীব-তামাদ্দুন ও হুকুম আহকামকে ধ্বংস করে নিজেদের কৃষ্টি-কালচার ও নিয়ম-নীতি বাস্তবায়ন করতে চেষ্টা চালায় এবং এই সব কুসংস্কার জোর-যবরদস্তি করে বরং রাজনৈতিক কলাকৌশল ও প্রলোভ-প্ররোচনের মাধ্যমে করে। যেমন, নিজেদের বানানো শিক্ষানীতি,নারী স্বাধীনতা,অধীকার-আদায়, মদ,জুয়া ও অশ্লিলতা প্রচলনকে অগ্রাধিকার দেয়। দীনী মাদরাসা-মসজিদ ও খানকার প্রতি মানুষকে আস্থাহীন করে তোলে এমন নাজুক পরিস্থিতিতে মুসলমানগণ যদি নিজেদের শরয়ী হুকুম-আহকাম পূর্ণাঙ্গরূপে আদায় করতে না পারেন এবং ওদের মোকাবেলা করতেও সক্ষম না রাখেন, তখন তাদের উপর 'হিজরত' করা ওয়াজিব হয়ে যায়।

وفى الحاشية: وفى تفسير المدارك ص٣٤٢ ج١ طبع قديم: والأية "ألم تكن أرضُ الله واسعة فَتهاجروا فيها" تدلّ على ان من لم يتمكن من إقامة دينه فى بلد كما يجب وعلم أنّه يتمكن من إقامته فى غيره حقّت عليه المهاجرة.

আল্লাহ তায়ালার যমিন কি প্রসস্ত ছিল না ? যেখানে তোমরা হিজরত করে চলে যেতে।

উক্ত আয়াতটি থেকে সুস্পষ্ট বুঝা যায়, যে ব্যক্তি ইকামাতে দীন তথা শরীয়তের হুকুম আহকাম পূর্ণাঙ্গরূপে আদায় করতে অক্ষম। তার জন্যে হিজরত করা আবশ্যক।

وفى التفسير الأحمدية (ص٣٠٥ طبع كريمى كتب خانه) وفى هذا الزمان ان لم يتمكن من إقامة دينه بسب أيد الظلمة أو الكفرة يفرض عليه الهجرة وهوالحقّ

(فتاوى عثمانى ص٤٨٤ ج ٣)

তাফসীরে আহমদিয়ায় আছে- বর্তমানেও যদি কেউ ইকামাতে দীনে অক্ষম হয়, কুফরী পরাশক্তির কারণে। তাহলে তার উপর হিজরত করা ফরজ, এটিই সঠিক কথা।

(ফাতোওয়ায়ে উসমানী, খণ্ড- ৩, পৃষ্ঠা - ৪৮৪)

ইমাম মাহদীর অপেক্ষায় থেকে জিহাদের প্রস্তুতি না নেওয়া

..... সার কথা হল, যতদিন পর্যন্ত জিহাদের জরুরী আসবাবের ব্যবস্থা না হবে। ততদিন পর্যন্ত দাওয়াত ও তাবলীগের কাজ চালিয়ে যাওয়া এবং সাথে সাথে জিহাদের প্রস্তুতিও নেওয়া। যখন আসবাব প্রস্তুত হবে তখন জিহাদ করা।

এমন বলা বা ধারণা রাখা ঠিক নয় যে,ইমাম মাহদীর আগমন পর্যন্ত জিহাদ স্থগিত থাকবে।

..... যখনই জিহাদের জরুরী আসবাবের ব্যবস্থা হবে, তখনই জিহাদে বের হওয়া, যদিও ইমাম মাহদী তখনো আগমন না করেন। মোটকথা প্রত্যেক যুগের অবস্থা অনুপাতে জিহাদের প্রস্তুতি চলবে।

(ফাতোওয়ায়ে উসমানী, খণ্ড- ৩, পৃষ্ঠা - ৫০০)

وفى الحاشية: وفى تفسير روح المعانى فى تفسير قوله تعالى: وأعدوا لهم ما استطعتم من قوّة..... خطاب لكافة المؤمنين لما أنّ المأمور به من وظائف الكل أى أعدوا لقتال الذين نبذ إليهم العهد وهيّؤوا لحروبهم ما استطعتم من قوّة أى من كل ما يتقوى به فى الحرب كائنا ما كان ، وأطلق عليه القوّة مبالغة، وإنما ذكر هذا لأنه لم يكن له فى بدرٍ استعداد تامّ فنبّهوا على أنّ النّصر من غير إستعداد لا يتأتى فى كلّ زمان.

'তোমরা তাদের বিরুদ্ধে যথাসাধ্য শক্তি অর্জন কর'

এই আয়াতের আলোকে তাফসীরে রুহুল মা'য়ানিতে লিখেছেন: কাফেরদের বিরুদ্ধে শক্তি অর্জন করার সম্বোধন সকল মুসলমানকে করা হয়েছে। কেননা, আদিষ্ট বিষয়টি সকলের দায়িত্বের অন্তর্ভুক্ত করে অর্থাৎ ওদের বিরুদ্ধে জিহাদ করার জন্য প্রস্তুত হতে থাক, যাদের সাথে সন্ধি-চুক্তি হয়েছে এবং প্রস্তুত করতে থাক যথাসাধ্য শক্তি, তাদের বিরুদ্ধে যুদ্ধ

করার উদ্দেশ্যে। শক্তি দ্বারা উদ্দেশ্য হল যুদ্ধ করা যায় মত যে কোন বস্তু, একে 'কুওয়াতুন বা শক্তি' দ্বারা ব্যক্ত করা হয়েছে ব্যাপকতা বুঝাতে। এই আয়াতটিতে তা উল্লেখ করার কারণ হলো, বদর যুদ্ধে পরিপূর্ণ প্রস্তুতি না থাকা। সুতরাং সতর্ক থাক যে, প্রস্তুতি ছাড়া প্রত্যেক যুগেই সহায়তা আসতে পারে না। সতর্ক করা হয়েছে যে, প্রত্যেক যমানায় যথাসাধ্য শক্তি অর্জন ব্যতীত আল্লাহর সাহায্য আসবে না।

وعن ابن عبّاس فى تفسير القُوّة بأنواع الأسلحة .

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. 'কুওয়তুন বা শক্তির' ব্যাখ্যা 'যাবতীয় অস্ত্রশস্ত্র' করেছেন।

وفى تفسير الرّازى ص٤٩٩ ج٥ المراد بالقُوّة ههنا ما يكون سبباً لحصول القُوّة .(فتاوى عثمانى ص٥٠٠ ج ٥)

তাফসীরে রাযীতে আছে- কুওয়াতুন বা শক্তি দ্বারা উদ্দেশ্য হল, শক্তি অর্জিত হয় এমন যাবতীয় আসবাবপত্র।

(ফাতোওয়ায়ে উসমানী, খণ্ড- ৩, পৃষ্ঠা- ৫০০)

হযরত মাওলানা মুফতী সাঈদ আহমদ পালনপুরী হাফিযাহুল্লাহ লিখেছেন

'জিহাদ' শব্দের অর্থ

'জিহাদ' কোরআন ও হাদীসের বিশেষ একটি পরিভাষা। জিহাদ বলা হয়- দীন ইসলামের হেফাজত এবং এ'লায়ে কালিমাতুল্লাহর উদ্দেশ্যে ইসলামের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করা।

.....(কোরআন ও হাদীসের) যেখানেই 'জিহাদ' শব্দ ব্যবহার হয়েছে। কিংবা মুজাহাদার মাদ্দার সাথে .... শব্দ ব্যবহার হয়েছে। অথবা শুধু জিহাদ শব্দ ব্যবহার হয়েছে। যেমন; যাকাত-খাত বর্ণনায় এবং আল্লাহ্‌র পথে খরচ করার বর্ণনায়, তো এসকল স্থানে বিশেষ পরিভাষা উদ্দেশ্য।

সূরায়ে তাওবার যেখানেই 'জিহাদ' শব্দ এসেছে সেখানে 'সশস্ত্র যুদ্ধ' অর্থ করেছেন শাহ আব্দুল কাদির দেহলভী ও হযরত শাইখুল হিন্দ রহ.।

(তোহফাতুল আলমায়ী, খণ্ড- ৪, পৃষ্ঠা - ৫৫১)

হযরত মাওলানা মুফতী সাঈদ আহমদ পালনপুরী হাফিযাহুল্লাহ এর ভাষায়-

لفظ جہاد کے معنی

جہاد قرآن و حدیث کی ایک خاص اصطلاح ہے، اسکی معنی ہیں دین کی حفاظت اور سر بلندی کیلئے دشمنان اسلام سے لڑنا۔

(قرآن و حدیث میں) جہاں لفظ جہاد آیا ہے یا مجاہدہ کے مادہ کیساتھ فی سبیل اللہ آیا ہے یا صرف فی سبیل اللہ آیا جیسے مصارف زکوۃ کے بیان میں اور انفاق کی فضیلت میں تو ان سب جگہوں میں خاص اصطلاح معنی مراد ہیں۔

سورۂ توبہ میں جہاں بھی اس قسم کی آیات آئی ہیں شاہ عبد القادر صاحب دہلوی قدس سرہ نے اور ان کے اتباع میں حضرت شیخ الہند قدس سرہ نے لڑنا ترجمہ کیا ہے۔(تحفۃ الالمعی شرح سنن الترمذی ص ۵۵۱ ج ۴)

'ফী সাবীলিল্লাহ'কে অন্য কাজে মিলানো

.....'জিহাদ' একটি ইসলামী বিশেষ পরিভাষার নাম, কোরআন ও হাদীসে যখন 'জিহাদ' শব্দটি ব্যবহৃত হয়, তখন 'কিতাল ফী সবীলিল্লাহ'ই উদ্দেশ্য হয়। তবে কিছু কিছু কাজকে জিহাদের সাথে মিলানো হয়েছে ফী সাবীলিল্লাহ শব্দ উল্লেখ করে। তখন এই মিলানোটাই হবে উক্ত কাজের ফজীলত। যেমন হাদীস শরীফে এসেছে-

"من خرج فى طلب العلم فهو فى سبيل الله حتّى يرجع"

যে ব্যক্তি ইলমে দীন তলবে বের হবে, ফিরে আসা পর্যন্ত সে আল্লাহর পথে থাকবে।

রাসূল সল্লাল্লহু আলাইহি ওয়াসাল্লাম এখানে 'তলবে ইল্‌মকে' 'ফী সাবীলিল্লাহর' সাথে মিলিয়েছেন। এই মিলানোটাই তলেবে ইল্‌মের ফজিলত। তদ্রুপ দাওয়াত ও তাবলীগকেও 'ফী সাবীলিল্লাহর' সাথে মিলানো হয়, উক্ত মিলানোটাই দাওয়াত ও তাবলীগের ফজীলত। সুতরাং কোরআন ও হাদীসে 'জিহাদের' ফজীলত সম্বলিত যত আয়াত ও হাদীস এসেছে, এর একটিও তলেবে ইল্‌ম কিংবা সাহেবে দাওয়াতের ক্ষেত্রে প্রযোজ্য নয়। এই গুরুত্বপূর্ণ কথাটি সকলের স্মরণে রাখা আবশ্যক।

(তোহফাতুল আলমায়ী, খণ্ড- ৪, পৃষ্ঠা - ৫৫২)

হযরত মাওলানা মুফতী সাঈদ আহমদ পালনপুরী হাফিযাহুল্লাহ এর ভাষায়-

یہ الحاق ہی ان کیلئے فضیلت ہے

... جہاد ایک اسلامی اصطلاح ہے اور جب قرآن و حدیث میں یہ لفظ بولا جاتا ہے تو اس سے قتال فی سبیل اللہ مراد ہوتا ہے، البتہ بعض کاموں کو جہاد کیساتھ لاحق کیا گیا ہے،

ان کیلئے یہ الحاق ہی فضیلت ہے، جیسے حدیث شریف میں ہے "من خرج فی طلب العلم فھو فی سبیل اللہ حتی یرجع" اس میں نبی کریم صلی اللہ علیہ وسلم نے طلب علم کو فی سبیل اللہ قرار دیا ہے، یہ الحاق ہی طالب علم کی فضیلت ہے۔ اسی طرح دعوت و تبلیغ کے کام کا فی سبیل اللہ کیساتھ الحاق کیا جاسکتا ہے اور یہ الحاق ہی اسکی فضیلت ہو گی۔

قرآن و حدیث میں فضائل جہاد کی جو آیتیں اور حدیثیں ہیں وہ سب فضیلتیں نہ طالب علم پر منطبق کی جاسکتی ہیں، نہ تبلیغ والوں پر۔ یہ خاص بات یاد رکھنی چاہئے۔ (تحفۃ الالمعی شرح سنن الترمذی ص ۵۵۲ ج ۴)

হযরত মাওলানা মুফতী নূর আহমদ বাংলাদেশী লিখেছেন :
যদি আরাকান মুসলমানগণের উপর ইসলামের দুশমন ও জালেমরা আগ্রাসন চালায় এবং মুসলমানদের জান-মাল ও ইজ্জত আব্রু ছিনিয়ে নিতে চায়, এমনকি মসজিদ- মাদরাসা ও শায়ায়েরে ইসলাম মিটাতে ওঠে-পড়ে লাগে। তখন আরাকান প্রদেশ 'নফিরে আম' হয়ে যাবে। অন্যথায় নয় ।

যেমনটি ফাতহুল কদীরে রয়েছে :

فإذا كان النفير عامّا بأن هجموا على بلدة من بلادالمسلمين فيصير من فروض الأعيان ...

অর্থ : যখন 'নফিরে আম' হয়ে যায়, এভাবে যে, শত্রুরা মুসলমানদের কোন দেশে অতর্কিত হামলা চালায়। তখন সেখানকার সকলের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়।

'নফিরে আম' এর অর্থ হল, যখন কোন শহরবাসী জানতে পারে যে, শত্রু আমাদের সন্নিকটে এসে পড়েছে। যে কোন সময় আমাদের জান-মাল ও ইজ্জত- আব্রুতে হামলে পড়বে..... তখন প্রত্যেক ব্যক্তির উপর যারা জিহাদ করতে সক্ষম শত্রুবাহিনীকে প্রতিহত করার লক্ষ্যে ওদের বিরুদ্ধে যুদ্ধ করা ফরজে আইন।

(আশরাফুল ফাতাওয়া, খণ্ড- ৩, পৃষ্ঠা- ১৬৪)

وصلى الله تعالى على خير خلقه محمد واله واصحابه اجمعين
ومن تبعهم باحسان الى يوم الدين آمين يا رب العالمين.

সুলতান পাবলিকেশন্স
৫২, বাংলাবাজার, ঢাকা